Baboo Bhoobun Chunder Mookerjee, Moonsif of Khoolna, is appointed to act as Subordinate Judge and Judge of the Small Cause Courts at Furreedpore and Bhanga during the absence on duty of Baboo Sreenath Roy, or until further orders.

Mr. George Thomas, zemindar, is appointed to be an Honorary Magistrate in the district of Monghyr, and is vested with the powers of a Magistrate of the Third Class.

এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত গ্রামের মধ্যে ন্যূনাধিক ২৬ মাইল দীর্ঘ ও ১২০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সাঁওতাল পরগনা জিলার অন্তর্গত মুখাপুর ও খেজুরমহ ও হরিয়ারি ও হংসদিহ ও পারায়া ও কাঠোরি ও পনসিয় ও ভূতডিহ ও লাথা গ্রামের মধ্যদিয়া গদ্দা ও হংসডিহের মধ্যে পথ করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত গ্রামের মধ্যে ন্যূনাধিক ৩১ মাইল দীর্ঘ ও ১২০ ফুট প্রস্থ এক ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সাঁওতাল পরগনা জিলার অন্তর্গত রৌতারা ও জামজেরি ও পিপরা ও লক্ষ্মণপাহাড়ী ও দোই ও প্রতাবপুর সিমরা ও মোহাগাঁ ও লোহন্দিয়া ও ধেমপুর ও মোসুদনপুর ও পথেরগামা ও শিবপুর ও পরসা ও গরগণ্ডা ও নিষ্করা গুমেরহিয়া ও বোস্কোপ গ্রামের মধ্যদিয়া গদ্দা ও বুড়াহাটের মধ্যে পথ করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত গ্রামের মধ্যে ন্যূনাধিক ৩৪ মাইল দীর্ঘ ও ১২০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর পরিবর্ত্তে,
জি টয়নবি।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩২৪৯ C.S. নম্বর।

১৮৭৪ সাল ২১ নবেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে দিনাজপুর ও ত্রিপুরা জিলায় আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হওয়াতে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত উলিয়ম ডনবার ব্লাইথ সাহেব, সি, এস।

শ্রীযুত রবর্ট কাষ্টেয়র্স সাহেব, সি, এস।

রাণাঘাটের একটিং মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন মুখোপাধ্যায়, তৃতীয় শ্রেণীর মুন্সেফ হইয়া দিনাজপুর জিলার অন্তর্গত গঙ্গারামপুরের মুন্সেফ হইবেন।

১৮৭৪ সাল ২৪ নবেম্বর।—শ্রীযুত জান ডেলাবের গায়েল সাহেব, অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে ২৪ পরগনার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হওয়াতে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত মৌলবী মোয়াজ্জীম হুসেনের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সবরডিনেট জজ এবং ফরীদপুর ও ভাঙ্গার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু শ্রীনাথ রায় কুষ্ট্যা ও চুয়াডাঙ্গা ও পাবনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতে জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু শ্রীনাথ রায়ের অনুপস্থান কালে অবথা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত খুলনার মুন্সেফ শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায় সবরডিনেট জজের এবং ফরীদপুর ও ভাঙ্গার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

জমীদার শ্রীযুত জর্জ্জ তামস সাহেব, মুঙ্গের জিলায় অতৈনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

Mr. Frank Hunter Barrow, Assistant Magistrate and Collector, Bhagulpore, is appointed, under the provisions of Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under His Honor's control.

The following gentlemen, who have, under separate orders of this date, been appointed to be Assistant Magistrates and Collectors in the Midnapore and Moorshedabad districts respectively, are vested with the powers of a Magistrate of the Third Class :—

Mr. David Norton, C.S.
" Francis Henry Harding, C.S.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st November 1874.—*The following Revised Rules for the Election of Municipal Commissioners in the Town of Serampore, sanctioned by the Lieutenant-Governor under Section* 1 *of Bengal Act II of* 1873, *are published for general information. They will come into effect immediately.*

Number of elective Commissioners.

1. THERE shall be eighteen Municipal Commissioners for Serampore, of whom fifteen shall be elected by the rate-payers and three shall be appointed by the Lieutenant-Governor.

Qualification of candidates.

2. Any man of full age who is a resident within municipal limits, or within three miles thereof, who is himself a rate-payer, who can read and write, and who has never been convicted of a non-bailable offence, may be proposed for election.

3. The municipal jurisdiction of Serampore shall be divided into three quarters or wards, which shall return members as follows :—

In Serampore, with Chattra and Bullubpore ..	9
" Konnagar	3
" Risherah and Mohesh	3
Total ..	15

Notice of candidature.

4. Any two rate-payers may nominate a candidate and may inform the sub-divisional officer of his candidature on any date not later than the last day of February. The sub-divisional officer shall ascertain if the candidate accepts the nomination and is qualified under the rules; and if so, he shall notify such candidature at the sub-divisional cutcherry, and at one or more police-stations and school-houses in the town, as he may see fit. Such notification shall state the name, residence, and qualification of the candidate.

Objection against candidates.

5. If any rate-payer object to the eligibility of any candidate, he may, on some date not later than the 6th March, notify such objection in writing to the sub-divisional officer, who shall hear and finally decide any question of eligibility. On the 10th March the final list of candidates shall be notified at the sub-divisional cutcherry, and in at least one conspicuous place in each quarter.

Election sub-committee of Commissioners.

6. The Municipal Commissioners shall appoint a sub-committee of three of their number to assist the sub-divisional officer in carrying out the following rules regarding elections.

ভাগলপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ফ্রাঙ্ক হন্টর বারো সাহেব মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে শান্তি-রক্ষার্থ জষ্টিসের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে, মেদিনীপুর ও মুরশিদাবাদ জিলায় আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেটরের পদে নিযুক্ত হওয়াতে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডেবিড নর্টন সাহেব, সি, এস,।
,, ফ্রান্সিস হেনরি হার্ডিং সাহেব, সি, এস।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২১ নবেম্বর।—শ্রীরামপুর নগরে মুনিসিপল কমিশ্যনরদিগকে মনোনীত করণের এই সংশোধিত বিধি ১৮৭৩ সালের বঙ্গীয় ২ আইনের ১ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়াতে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল। এই বিধি অবিলম্বেই প্রচলিত হইবে।

যত জন কমিশ্যনর মনোনীত হইবেন তাহার কথা।

১। শ্রীরামপুরে আঠারো জন মুনিসিপল কমিশ্যনর থাকিবেন। যাঁহারা টাক্স দিয়া থাকেন তাঁহারা ইঁহাদের মধ্যে পনেরো জনকে মনোনীত করিবেন ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব অন্য তিন জনকে নিযুক্ত করিবেন।

কমিশ্যনরী পদাকাঙ্ক্ষিদের যোগ্যতার কথা।

২। বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তি মুনিসিপল সীমার মধ্যে কিম্বা তাহার বহির্ভূত তিন মাইলের মধ্য কোন স্থানে বাস করিলে ও আপনি টাক্স দিয়া থাকিলে ও লেখা পড়া জানিলে ও যে অপরাধের নিমিত্তে হাজির জামিন লওয়া যাইতে না পারে এমত অপরাধ কখন না করিলে, তাঁহাকে মনোনীত করিবার প্রস্তাব হইতে পারিবে।

৩। শ্রীরামপুরের মুনিসিপল এলাকা তিন ভাগে কি পল্লিতে বিভক্ত হইবে। এক২ পল্লিহইতে নিম্নলিখিত সংখ্যার কমিশ্যনর মনোনীত হইবেন।

শ্রীরামপুরে (ইহার মধ্যে চাতরা ও বল্লভপুর ধরা যাইবে।)	৯ জন।
কোননগরে	৩ ,,
ঋষিড়া ও মাহেশে	৩ ,,
মোট	১৫ জন।

যাঁহাকে মনোনীত করিবার প্রস্তাব হয় তাঁহার বিষয়ে নোটিস দিবার কথা।

৪। যাঁহারা টাক্স দিয়া থাকেন এমত কোন দুই জন কমিশ্যনরের পদে নিযুক্ত হইবার নিমিত্ত কোন ব্যক্তির নাম উল্লেখ করিতে পারিবেন। এবং ফেব্রুআরি মাসের শেষ তারিখের পর না হয় এমত কোন দিনে, মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট ঐ ব্যক্তিকে মনোনীত করিবার প্রস্তাব জানাইবেন। সেই ব্যক্তি নিজে আপনার নাম উল্লেখ করণ বিষয়ে সম্মত আছেন এবং বিধিমতে যোগ্য হন কি না, মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন, ও সেই ব্যক্তি সম্মত ও প্রকারান্তরে যোগ্য হইলে তিনি আপনার কাছারী ঘরে ও নগরের অন্তর্গত যে এক কি কএক পোলীস থানায় ও স্কুল ঘরে তদ্বিষয়ের নোটিস প্রচার করা উচিত বোধ করেন তথায় সেই ব্যক্তিকে মনোনীত করিবার প্রস্তাবের নোটিস লাগাইয়া দিবেন। ঐ জ্ঞাপনপত্রে কমিশ্যনরী পদাকাঙ্ক্ষির নাম ও বাসস্থান ও যোগ্যতার গুণ ব্যক্ত থাকিবে।

ঐ পদাকাঙ্ক্ষিদের বিপক্ষ আপত্তির কথা।

৫। যাঁহারা টাক্স দিয়া থাকেন এমত কোন ব্যক্তি উক্ত পদাকাঙ্ক্ষী যোগ্য নহেন বলিয়া আপত্তি করিলে, মার্চ মাসের ৬ তারিখের পর না হয় এমত কোন দিনে, মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট লিখিয়া আপত্তি জানাইবেন। তাহা হইলে ঐ ব্যক্তির মনোনীত হইবার যে আপত্তি থাকে মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব তাহা শুনিয়া চূড়ান্তরূপে নিষ্পত্তি করিবেন। শেষে যে পদাকাঙ্ক্ষিরা ধার্য্য হন মার্চ মাসের ১০ তারিখে তাঁহাদের নামের নির্ঘণ্টপত্র মহকুমার কাছারী ঘরে ও এক২ পল্লির অতিন্যূন একটি প্রকাশ স্থানে প্রকাশ করা যাইবে।

কমিশ্যনরদের মনোনীত করণার্থ সবকমিটীর কথা।

৬। মনোনীত করণ বিষয়ক যে বিধি পশ্চাৎ লেখা যাইতেছে মুনিসিপল কমিশ্যনরেরা মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেবের সেই বিধিমতে কার্য্য করণের সাহায্য করিবার জন্যে আপনাদের তিন জনকে সবকমিটী বলিয়া নিযুক্ত করিবেন।

The sub-divisional officer shall decide on what day, not later than the 25th March, and at what places in the town, the poll shall be held; and he shall notify such decision at the sub-divisional cutcherry, and in at least one place in each quarter.

Time and place of polling.

7. As soon as possible after the publication of these rules, the sub-divisional officer shall prepare a list of all the persons who paid any rate on houses or lands in each ward during the year ending on the 31st December next preceding. A copy of the list shall be exposed to view at the sub-divisional and at the municipal office, and a copy of so much of the list as relates to each quarter in some police-station, school-house, or other accessible public place in each quarter of the town. All persons mentioned in the list shall be entitled to a vote in the election of Municipal Commissioners for the ward.

List of electors.

8. No rate-payer shall have a vote for more than one person or in more than one ward.

Number of votes.

9. Votes shall be recorded by such polling clerks as may be appointed by the Chairman of the Commissioners. There shall be at least one polling clerk for each polling place, who shall stay at the polling place for such hours as the sub-divisional officer may fix on the day of the poll. Each rate-payer who desires to record his vote shall attend at the polling place, and shall state his name and residence; the polling clerk shall verify from the list of voters of the quarter whether the intending voter is entitled to a vote for that quarter; and if he is so entitled, he shall record his vote against the rate-payer's name in the list of electors for the ward. The election sub-committee of the Commissioners shall, acting under the sub-divisional officer's instructions, make such arrangements as they may see fit for identifying voters in cases of doubt, and in any case of doubt as to the validity of a vote, or as to the identity of a voter, the decision of the sub-committee and the sub-divisional officer shall be final.

Recording of votes.

Identification of voters.

10. At sunset on the day of the poll, the poll shall be closed, and the registers of the polling clerks shall be scrutinised by the sub-divisional officer and the election sub-committee, whose decision upon any doubtful points shall be final. The candidates who may stand highest on the poll of their quarter shall be declared to be duly elected.

Scrutiny of poll registers.

11. The result of the poll shall be notified at the sub-divisional cutcherry and in each ward, and shall be reported to Government for publication in the *Gazette*. The candidates declared to be duly elected shall hold office from the 1st April next succeeding the day of their election.

Membership to commence.

12. The cost of erecting temporary sheds, of paying polling clerks, or taking any other necessary action under these rules, shall be paid by the Commissioners out of the municipal fund.

Cost of municipal elections.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 1st *December* 1874.]

মার্চ মাসের ২৫ তারিখের পর না হয় এমত যে দিনে ও নগরের যে২ স্থানে লোকদের মত গ্রহণ করা যাইবে, মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব ইহা নিরূপণ করিয়া আপনার কাছারী ঘরে ও প্রত্যেক পল্লির ন্যূনকল্পে একটি স্থানে ঐ নিরূপিত দিনের নোটিস দিবেন।

মতগ্রহণের সময়ের ও স্থানের কথা।

৭। পূর্ব্ব ডিসেম্বর মাসের ৩১ তারিখে যে বৎসরের অবসান হইল, সেই বৎসরের মধ্যে যে২ ব্যক্তিরা এক২ পল্লির অন্তর্গত বাটীর কি ভূমির উপর কোন টাক্স দিয়াছেন মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব এই বিধি প্রকাশ হইবার পর সাধ্যমতে ত্বরায় তাঁহাদের নামের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিয়া মহকুমার কাছারী ঘরে ও মুনিসিপল আফিসে তাহার নকল লাগাইয়া দিবেন, ও যে পল্লির সঙ্গে ঐ নির্ঘণ্টপত্রের যে অংশের সম্পর্ক থাকে সেই পল্লির কোন পোলীস থানায় কি স্কুল ঘরে কিম্বা অন্য যে স্থানে লোকদের সচরাচর গতিবিধি হইয়া থাকে সেই স্থানে ঐ অংশের নকল লাগাইয়া দিবেন। নির্ঘণ্টপত্রে যাঁহাদের নাম লেখা থাকে তাঁহারা আপন২ পল্লির মুনিসিপল কমিশ্যনরের পদে যাঁহার নিযুক্ত হওয়া ইচ্ছা করেন তাঁহার পক্ষে মত জানাইতে পারিবেন।

যাঁহারা মনোনীত করিবেন তাঁহাদের নাম নির্ঘণ্টের কথা।

৮। যাঁহারা টাক্স দিয়া থাকেন এমত কোন ব্যক্তি কেবল এক জনের পক্ষে আপনার মত জানাইতে পারিবেন, ও একি পল্লিভিন্ন অন্য পল্লি ধরিয়া আপন মত জানাইতে পারিবেন না।

যতবার মত জ্ঞাপন করা যাইতে পারে তাহার কথা।

৯। কমিশ্যনরদের সভাপতি সাহেব লোকদের মত লিখিয়া লইবার জন্যে কএক জন কেরাণী নিযুক্ত করিবেন। মত লিখিয়া লইবার এক২ স্থানে ন্যূনকল্পে এক জন কেরাণী থাকিবে, ও যে দিনে লোকদের মত লিখিয়া লইতে হইবে মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব ঐ কেরাণীকে সেই দিন যত ঘণ্টা ঐ স্থানে থাকিতে বলেন তাহার তত ঘণ্টা থাকিতে হইবে। যাঁহারা টাক্স দিয়া থাকেন এমত কোন ব্যক্তি আপনার মত জানাইতে গেলে, মত লিখিয়া লইবার স্থানে গিয়া আপনার নাম ও নিবাস জানাইবেন। তাহাতে তিনি যে পল্লিতে থাকেন ঐ কেরাণী সেই পল্লিনিবাসিদের নামনির্ঘণ্ট দেখিয়া সেই পল্লির নিমিত্ত ঐ ব্যক্তির মত জানাইবার অধিকার আছে কি না ইহা জানিয়া লইবেন। অধিকার থাকিলে ঐ নামনির্ঘণ্টে তাঁহার নাম যে স্থানে আছে তাহার পার্শ্বে, তিনি যাঁহার পক্ষে মত জানাইলেন তাঁহার নাম লিখিয়া দিবেন। কিন্তু আপনাকে যে ব্যক্তি বলিয়া জানাইতেছেন তিনি সেই কি না এই বিষয়ে সন্দেহ জন্মিলে তাহা নিশ্চয় করিবার জন্যে, মনোনীত করণার্থ যে সবকমিটী কমিশ্যনরদের দ্বারা নিযুক্ত হন তাঁহারা মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেবের উপদেশমতে যে উপায় করা উচিত বোধ করেন তাহাই করিবেন, এবং কোন ব্যক্তিরা মত সিদ্ধ বলিয়া জানিতে হইবে কি না, কিম্বা কোন ব্যক্তি আপনাকে যে ব্যক্তি বলিয়া কহেন তিনি প্রকৃত সেই কি না এই বিষয়ে সন্দেহ থাকিলে, ঐ সবকমিটী ও মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবে।

মত লিখিয়া রাখিবার কথা।

মত জ্ঞাপকদের নির্ণয় করিবার কথা।

১০। মত গ্রহণের দিনের সূর্য্যাস্তকালে ঐ মত গ্রহণ কার্য্য সমাপ্ত হইবে। পরে, কেরাণীরা যে রেজিষ্টর রাখিয়াছেন মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব ও মনোনীত করণার্থ সবকমিটী তাহা ভালমতে দেখিয়া লইবেন ও কোন স্থানে সন্দেহ জন্মিলে তাঁহাদের নিষ্পত্তি চূড়ান্ত হইবে। কোন পল্লির অধিকাংশ লোক কমিশ্যনরের পদাকাঙ্ক্ষি যে ব্যক্তির সপক্ষে মত জানান তিনিই নিয়মিতরূপে মনোনীত হইয়াছেন বলিয়া প্রকাশ হইবেন।

মতের রেজিষ্টর দেখিয়া লইবার কথা।

১১। লোকদের মত গ্রহণ দ্বারা যে২ ব্যক্তিকে মনোনীত করা যায় মহকুমার কাছারী ঘরে ও প্রত্যেক পল্লিতে তাঁহাদের নামের নোটিস দেওয়া যাইবে ও গেজেটে প্রকাশ করিবার জন্যে গবর্ণমেণ্টে রিপোর্ট করা যাইবে। নিয়মিতরূপে মনোনীত হইলেন বলিয়া যে ব্যক্তিদের নাম প্রকাশ করা যায় তাঁহারা মনোনীত হইবার দিনের পর আপ্রিল মাসের ১ তারিখঅবধি পদ গ্রহণ করিবেন।

কমিশ্যনরী পদের আরম্ভ হওয়ার কথা।

১২। অল্পকালের নিমিত্ত ছাউনি করিবার খরচ ও কেরাণীদের মেহনতানা প্রভৃতি এই বিধিমত কার্য্য করিবার অন্য২ যে খরচ লাগে কমিশ্যনরেরা মুনিসিপল ফণ্ডহইতে তাহা দিবেন।

মুনিসিপল কমিশ্যনর মনোনীত করিবার খরচের কথা।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১ ডিসেম্বর।]

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 20th November 1874.

No. 402.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India, in supersession of Declaration published, under date the* 1*st May* 1874, *in orders of Judicial Department, at page* 838 *of Calcutta Gazette of* 6*th idem.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the construction of a Lock-up at Begooserai sub-division, in mouzah Begooserai, Mokimpore, pergunnah Bullea, zillah Monghyr, it is hereby declared that for the above purpose a plot of land measuring, more or less, 1 beegha 19 cottahs and 16 dhoors, bounded on the north by Moonsif's cutcherry, south by police thana of Begooserai, east by sub-divisional cutcherry, west by Khusroo Tantie's Jote, is required within the aforesaid mouzah.

2. This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

The 21*st November* 1874.

No. 403.—*Leave of Absence.*—Mr. L. O'Toole, Assistant Engineer, Second Grade, attached to the Dinagepore Special Division, is allowed privilege leave from the 8th September to the 20th October 1874, under Section 12, Supplement F of the Civil Leave Code, in addition to that already granted* to him.

* Bengal Government (Public Works Department) Notification No. 310, dated the 9th September 1874.

No. 404.—*Posting.*—Mr. A. G. Bremner, Assistant Engineer, Third Grade, is posted to the Fourth Calcutta Division.

No. 405.—*Transfer.*—Baboo Ramnath Bhuttacharjee, Overseer, Second Grade, from the Hazareebagh to the Lohardugga District.

No. 406.—*Appointment.*—Corporal E. Hughes, Probationary Overseer, First Grade, attached to the Gya District, is permanently appointed to that Grade.

No. 407.—*Notification.*—Baboo Hemchunder Biswas, Supervisor, First Grade, joined the Third Calcutta Division on the 12th November 1874, before noon.

The 23*rd November* 1874.

No. 409.—*Appointment.*—Major G. S. Hills, R.E., Executive Engineer, First Grade, to officiate as Executive Engineer of the Bhagulpore District as a temporary measure, or until further orders.

No. 410.—*Leave of Absence.*—Mr. J. Caldwell, Supervisor, First Grade, attached to the Darjeeling and Julpigoree District, is allowed sick leave on Medical Certificate from the 7th July to the 14th August 1874, under Supplement F, Section 3 of the Civil Leave Code, in addition to that already granted† to him.

† Bengal Government (Public Works Department) Notification No. 286, dated the 17th August 1874.

J. E. T. NICOLLS, *Colonel., R.E.,*
Secy. to the Govt. of Bengal,
Public Works Department.

IRRIGATION.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

The 23*rd November* 1874.

No. 393.—*Transfers.*—Mr. N. E. Jennings, Assistant Engineer, First Grade, from the Arrah to the Eastern Sone Division, which he joined on the afternoon of the 10th instant.

[*Government Gazette,* 1*st December* 1874.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তাবিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২০ নবেম্বর।

৪০২ নম্বর।—জুডিশ্যাল ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের মে মাসের ১ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৬২৫ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা রহিত করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত এই বিজ্ঞাপন প্রকাশ হইল।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মুঙ্গের জিলার অন্তর্গত বলিয়া পরগনার বেগুসরাই মোকিমপুর মৌজায় বেগুসরাই মহকুমার কাঁজি ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মৌজায় ন্যূনাধিক ১৸৪ কাঠা ১৬ ধুর পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মুনসেফের কাছারী, দক্ষিণ সীমা বেগুসরাইয়ের পোলীস থানা, পূর্ব্ব সীমা মহকুমার কাছারী ও পশ্চিম সীমা খসরু তাঁতির যোত।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৮৭৪ সাল ২১ নবেম্বর।

৪০৩ নম্বর।—ছুটী।—দিনাজপুর বিশেষ খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এল ও টুল সাহেব যে ছুটী পান* তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর ‡ চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৪ সালের সেপ্টেম্বর মাসের ৮ তারিখ অবধি অক্টোবর মাসের ২০ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ৯ সেপ্টেম্বরের ৩১০ নং বিজ্ঞাপন।

৪০৪ নম্বর।—অবস্থিতির কথা।—তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জি, ব্রেমনর সাহেব কলিকাতার চতুর্থ খণ্ডে অবস্থিত হইলেন।

৪০৫ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু রামনাথ ভট্টাচার্য্য হাজারীবাগহইতে লোহারডগা জিলায় প্রেরিত হইলেন।

৪০৬ নম্বর।—নিয়োগ।—গয়া জিলায় নিযুক্ত প্রথম শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র কর্পরাল শ্রীযুত ই, হিউজ সাহেব, সেই শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

৪০৭ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু হেমচন্দ্র বিশ্বাস ১৮৭৪ সালের নবেম্বর মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্নে কলিকাতার তৃতীয় খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৪ সাল ২৩ নবেম্বর।

৪০৯ নম্বর।—নিয়োগ।—প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত জি, এস, হিলস সাহেব, আর, ই, কিয়ৎকালের নিমিত্তে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ভাগলপুর জিলার একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন।

৪১০ নম্বর।—ছুটী।—দার্জিলিঙ্গ ও জলপাইগুড়ি জিলায় নিযুক্ত প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত জে কাডোয়েল সাহেব, যে ছুটী † পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৪ সালের জুলাই মাসের ৭ তারিখঅবধি আগস্ট মাসের ১৪ তারিখপর্য্যন্ত পীড়াপ্রযুক্ত ছুটী পাইয়াছেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ১৭ আগষ্টের ২৮৬ নং বিজ্ঞাপন।

জে, ই, টি, নিকলস, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচনসম্পর্কীয়

সিরিশতাবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৩ নবেম্বর।

৩৯৩ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এন, ই, জেনিংস সাহেব, আরাহইতে পূর্ব্ব সোণ খণ্ডে প্রেরিত হওয়াতে এই মাসের ১০ তারিখের অপরাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১ ডিসেম্বর।

No. 394.—Baboo Kristo Chunder Banerjee, Overseer, First Grade, from the Kurma to the Arrah Division, which he joined on the forenoon of the 10th instant.

No. 395.—*Notifications.*—Baboo Heralal Mitter, Assistant Engineer, First Grade, Dehree Division, availed himself, on the forenoon of the 7th instant, of the leave granted him in the orders marginally noted.

Notification No. 350, dated 12th October 1874.

No. 396.—Baboo Kally Kristo Dutt, Probationary Overseer, Third Grade, Kurmanassa Division, availed himself, on the forenoon of the 8th instant, of one month's leave without pay granted him on the 9th ultimo.

No. 398.—Baboo Mohesh Chandra Bose, Assistant Engineer, First Grade, Cossye Division, availed himself, on the forenoon of the 15th ultimo, of the three weeks' privilege leave granted him in the orders marginally noted, and returned to duty on the afternoon of the 4th instant.

Notification No. 349, dated 12th October 1874.

No. 399.—Mr. F. B. Pemberton, Executive Engineer, Third Grade, Puri Survey Division, availed himself, on the forenoon of the 28th October 1874, of the privilege leave granted him in the orders marginally noted.

Notification No. 369, dated 31st October 1874.

No. 400.—*Leave.*—Mr. R. J. Beckwith, Overseer, First Grade, Kurmanassa Division, is granted fifteen days' leave without pay, under Section 9, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted him in the orders marginally noted.

Notification No. 348, dated 12th October 1874.

G. A. SEARLE, *Lieut-Col.*, S.C.,
for Offg. Jt. Secy. to the Govt. of Bengal,
in the P. W. D., Irrigation Branch.

NOTICE

Is hereby given that scholarships at Rs. 5 or 10 each per mensem will be paid from the interests of certain 4 per cent. Government Securities for Rs. (3,000) three thousand assigned by the undersigned for the purpose, and now deposited in the Bank of Bengal. The successful candidates will receive the scholarships while studying the Vedas at Benares, or at a like place, and translating them into Bengallee as they are taught. The assignment is made and the scholarships created in memory of the recovery of His Royal Highness the Prince of Wales and the celebration of the marriage of His Royal Highness the Duke of Edinburgh to the daughter of the Emperor of Russia. Applications for the scholarships may be sent to the undersigned, together with testimonials regarding applicant's knowledge in Sanscrit Grammar. Those who can produce reliable certificates from distinguished Pundits will have preference. No one who is not a native of Bengal need apply.

BROJO MOHUN DUTT,
Of Buttajore, Zillah Backergunge;
Judge of Small Cause Court,
Jessore.

৩৯৪ নম্বর।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় কর্ম্মনাশাহইতে আরাখণ্ডে প্রেরিত হওয়াতে এই মাসের ১০ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৪ সালের অকটোবর মাসের ১২ তারিখের ৩৫০ নং বিজ্ঞাপন।

৩৯৫ নম্বর।—বিজ্ঞাপন।—দেহড়িখণ্ডের প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু হিরালাল মিত্র পার্শ্বের লিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান, তাহা এই মাসের ৭ তারিখের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

৩৯৬ নম্বর।—কর্ম্মনাশা খণ্ডের তৃতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুত বাবু কালীকৃষ্ণ দত্ত গত মাসের ৯ তারিখে বিনা বেতনে যে এক মাস ছুটী পান তাহা এই মাসের ৮ তারিখের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

৩৯৮ নম্বর।—কসুইখণ্ডের প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু পার্শ্বের লিখিত আজ্ঞামতে যে তিন সপ্তাহ অনুগ্রহের ছুটী পান, তাহা গত মাসের ১৫ তারিখের পূর্ব্বাহ্নে গ্রহণ করিয়া এই মাসের ৪ তারিখের অপরাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন।

১৮৭৪ সালের ১২ অকটোবরের ৩৪৯ নং বিজ্ঞাপন।

৩৯৯ নম্বর।—পুরীর জীরীপী খণ্ডের তৃতীয় শ্রেণীর এক্সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, বি, পেম্বর্টন সাহেব পার্শ্বের লিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান, তাহা ১৮৭৪ সালের অক্টোবর মাসের ২৮ তারিখের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৪ সালের ৩১ অকটোবরের ৩৬৯ নং বিজ্ঞাপন।

৪০০ নম্বর।—ছুটী।—কর্ম্মনাশা খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত আর, জে, বেকিথ সাহেব পার্শ্বের লিখিত আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে বিনাবেতনে পনের দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৪ সালের ১২ অকটোবরের ৩৪৮ নং বিজ্ঞাপন।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেন্টের একটিং জাইন্ট সেক্রেটরীর পরিবর্ত্তে
জি, এ, শেরল, লেপ্টেনেন্ট কর্ণেল, এস, সি।

বিজ্ঞাপন।

নিম্নলিখিত ব্যক্তি মাসিক ৫৲ ও ১০৲ টাকার হিসাবে ছাত্রবৃত্তি দিবার নিমিত্তে বাঙ্গাল ব্যাঙ্কে শতকরা ৪৲ টাকার সুদের ৩০০০৲ টাকার কোম্পানির কাগজ গচ্ছিত করিয়াছেন। সংস্কারাপন্ন যে ছাত্রেরা কাশীতে বা তদ্রূপ অন্য স্থানে বেদাধ্যয়ন করত যেমন পাঠ পড়িবেন তেমনি বঙ্গভাষায় তাহার অনুবাদ করিলে তাঁহারাই ঐ ছাত্রবৃত্তি পাইবেন। মহামহিম শ্রীল শ্রীযুত প্রিন্স অব ওয়েলসের পীড়া আরোগ্য হইয়া স্বাস্থ্যলাভ করণের স্মরণার্থে এবং মহামহিম শ্রীল শ্রীযুত ডিউক অব এডিনবরার রুসিয়ার সম্রাটের কন্যার সঙ্গে বিবাহোপলক্ষে উক্ত টাকা নিরূপণ হইয়া এই ছাত্রবৃত্তি সৃষ্ট হইয়াছে। ছাত্রবৃত্তি প্রার্থকের সংস্কৃত ব্যাকরণে সংস্কার বিষয়ের প্রমাণপত্র সুদ্ধ প্রার্থনাপত্র নিম্নলিখিত ব্যক্তির নিকট পাঠান যাইতে পারিবে। ছাত্রদের মধ্যে যাঁহারা সুবিখ্যাত পণ্ডিতগণের সর্টিফিকট দিতে পারিবেন তাঁহারদেরই প্রার্থনাপত্র অগ্রগণ্য হইবে। যাঁহারা বঙ্গদেশ জাত নহেন তাঁহাদের প্রার্থনা করিবার প্রয়োজন নাই।

যশোহরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ,
বাকরগঞ্জ জিলার অন্তর্গত বাট্টাযোড় নিবাসি
শ্রীব্রজমোহন দত্ত।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 8, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৮ ডিসেম্বর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 3353C.S.

GENERAL.—*The 26th November* 1874.—Mr. William Vansittart Graham Tayler, Magistrate and Collector of Pubna, is allowed leave for one month, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 1st December next.

Mr. Phillip Nolan is appointed to act as Magistrate and Collector of Pubna during the absence on leave of Mr. Taylor, or until further orders.

Baboo Huri Mohun Sen, Deputy Magistrate and Deputy Collector, is appointed temporarily to have charge of the Tumlook Division of the Midnapore district.

The services of Lieutenant A. P. Thornton are replaced at the disposal of the Government of India, Military Department.

The 27th November 1874.—Mr. Lestock Reid Forbes, Acting Assistant Commissioner, in charge of the Palamow Division of the Lohardugga district, is allowed leave for one month, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the afternoon of the 9th instant.

Baboo Nil Madhub Banerjee, Civil Extra Assistant Commissioner, is appointed to have charge of the Palamow Division of the Lohardugga district during the absence on leave of Mr. L. R. Forbes, or until further orders.

The 28th November 1874.—Captain Linley Blathwayt, Assistant Commissioner, just returned from furlough, is posted to Hazareebagh.

In supersession of the orders of the 21st instant, Mr. William Dunbar Blyth, C.S., is appointed to be an Assistant Magistrate and Collector in Beerbhoom.

Mr. Frank Robert Stanley Collier, Assistant Magistrate and Collector, held charge of the office of Magistrate and Collector of the Bogra district from the 19th October to the 20th November 1874.

Mr. James Fortescue Harrison, Deputy Magistrate and Deputy Collector, reported his return from leave on medical certificate on the 23rd instant.

Mr. Behary Lal Gupta, Assistant Magistrate and Collector, on relief duty in Hooghly, is re-appointed to have charge of the Diamond Harbour Division of the 24-Pergunnahs.

Baboo Romesh Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, in charge of Diamond Harbour sub-division, is posted to Hooghly.

The 30th November 1874.—Baboo Chunder Narain Singh, M.A., Deputy Magistrate and Deputy Collector, Bhagulpore, is vested with the powers of a Collector under Acts X (B.C.) of 1871 and X of 1870.

Mr. Harry Lee, who has been recently appointed to be a member of the Bengal Civil Service, is appointed to be an Assistant Magistrate and Collector in the Burdwan Division, and is posted to the district of Burdwan.

Mr. Andrew George Wilson, Assistant Commissioner, Hazareebagh, is appointed temporarily to have charge of the Pachumba Division of that district.

Mr. William Napier Campbell, Extra Assistant Commissioner, in charge of the Pachumba Division of the Hazareebagh district, is transferred temporarily to the Sudder Station of that district.

Mr. Henry Murray Tobin, C.S., Assistant Commissioner, Hazareebagh, is transferred to the district of Lohardugga.

[*Government Gazette, 8th December* 1874.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেন্ট।

৩৩৫৩C.S. নম্বর।

সাধারণ।—১৮৭৪ সাল ২৬ নবেম্বর।—পাবনার মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত উলিয়ম ষ্টান্সিটার্ট গ্রেহাম টেলর সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত টেলর সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ফিলিপ নোলান সাহেব, পাবনার মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু হরিমোহন সেন, কিয়ৎকালের নিমিত্তে, মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুক মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার পাইবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত এ, পি, থরন্টন সাহেব, মিলিটারী ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ২৭ নবেম্বর।—লোহারডগা জিলার অন্তর্গত পালামৌ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত একটিং আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত লেষ্টক রীড ফর্ব্বস সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ৯ তারিখের অপরাহ্ন অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এল, আর, ফর্ব্বস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য অজ্ঞা না হওন পর্য্যন্ত অতিরিক্ত সিবিল আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত বাবু নীলমাধব বন্দ্যোপাধ্যায় লোহারডগা জিলার পালামৌ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার পাইবেন।

১৮৭৪ সাল ২৮ নবেম্বর।—নিয়মিত ছুটী হইতে সম্প্রতি প্রত্যাগত কাপ্তান শ্রীযুত লিনুলে ব্লাথওয়েট সাহেব, হাজারীবাগে অবস্থিত হইলেন।

বর্ত্তমান মাসের ২১ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। শ্রীযুত উলিয়ম ডনবর ব্লাইথ সাহেব, সি, এস, বীরভূমে আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ফ্রাঙ্ক রবর্ট ষ্টানলী কলিয়র সাহেব, ১৮৭৪ সালের অক্টোবর মাসের ১৯ তারিখ অবধি নবেম্বর মাসের ২০ তারিখ পর্য্যন্ত বগুড়া জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্মের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ছিলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জেমস ফর্টেস্কু হারিসন সাহেব, চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছুটী পান তাহাহইতে এই মাসের ২৩ তারিখে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করিলেন।

হুগলীতে উপকারার্থ কার্য্যে নিযুক্ত আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত বিহারীলাল গুপ্ত ২৪ পরগনার অন্তর্গত কলাগাছি মহকুমার অধ্যক্ষতা কর্ম্মে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

কলাগাছী মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায়, হুগলীতে অবস্থিত হইয়াছেন।

১৮৭৪ সাল ৩০ নবেম্বর।—ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ, এম, এ, ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইন এবং ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত হারি লি সাহেব, সম্প্রতি বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত হওয়াতে বর্দ্ধমান খণ্ডে আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হইয়া বর্দ্ধমান জিলায় অবস্থিত হইলেন।

হাজারীবাগের আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত আনুড্রু জর্জ উইলসন সাহেব, কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলার পচম্ভা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার পাইবেন।

হাজারীবাগ জিলার পচম্ভা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত উলিয়ম নেপিয়র কাম্বেল সাহেব কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

হাজারীবাগের আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত হেনরি মরে টবিন সাহেব, সি, এস, লোহারডগা জিলায় প্রেরিত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৮ ডিসেম্বর।]

Mr. Alfred Augustus Wace, Acting Joint-Magistrate and Deputy Collector, Patna, is appointed to have charge of the Tajpore Division of the Tirhoot district.

Mr. Herbert Mosley, Joint-Magistrate and Deputy Collector, on relief duty in Tirhoot, is appointed to be Joint-Magistrate and Deputy Collector of Patna.

Mr. James Fortescue Harrison, Deputy Magistrate and Deputy Collector, just returned from leave, is appointed to have charge of the Sasseram division of the Shahabad district.

Mr. Edward Stanford Andrew, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Sasseram division of the Shahabad district, is transferred to the Sudder Station of Chumparun.

In supersession of the orders of the 3rd instant, Mr. Henry Gillon, Assistant Magistrate and Collector, is appointed to have charge of the Narail division of the Jessore district.

Mr. David Bird Allen, Assistant Magistrate and Collector, on relief duty, is appointed to the Sudder Station of Tirhoot.

The 1st December 1874.—Baboo Umullo Churn Mullick, Acting Deputy Magistrate and Deputy Collector, Purneah, on leave, is transferred to the Rajshahye Division, and is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring land for the Northern Bengal State Railway.

Mr. Cecil Michael Wilfred Brett, who has been recently appointed to be a member of the Bengal Civil Service, is appointed to be an Assistant Magistrate and Collector in the Rajshahye Division, and is posted to the district of Dinagepore.

Mr. Frederick Beatson Taylor, who has been recently appointed to be a member of the Bengal Civil Service, is appointed to be an Assistant Magistrate and Collector in the Presidency Division, and is posted to the district of Nuddea.

Mr. Andrew William Cochran, Acting Joint-Magistrate and Deputy Collector, Midnapore, acted as Magistrate and Collector of that district, with effect from the afternoon of the 12th to the afternoon of the 25th November last.

Baboo Aunuda Prosad Ghose, Deputy Collector, Midnapore Survey, is appointed to be a Deputy Magistrate and Deputy Collector in Cuttack.

POLICE.—*The 28th November* 1874.—Mr. Frederick Wilcox is appointed to act in the Fourth Grade of District Superintendents of Police.

The 30th November 1874.—Mr. Charles Armstrong Fisher is appointed to be an Assistant Superintendent of Police in Jessore, from the date on which he might have been relieved by Mr. Cornish.

Mr. John Briscoe Birch is appointed to be an Assistant Superintendent of Police in Pubna, from the date on which he may be relieved by Mr. W. J. Kilby.

The 1st December 1874.—Mr. Henry William John Bamber is appointed to act temporarily as District Superintendent of Police, Balasore.

Mr. Francis Graves is appointed to be an Assistant Superintendent of Police in Balasore from the date on which he may be relieved by Mr. Bamber.

REGISTRATION.—*The 1st December* 1874.—Baboo Sunjeeb Chunder Chatterjee, Special Sub-Registrar of Burdwan, is allowed leave for fifteen days, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 4th instant, or any other date on which he may avail himself of it.

EDUCATION.—*The 20th November* 1874.—Baboo Shurut Chunder Das, Deputy Inspector of Schools, Bogra, is transferred to Dinagepore.

Baboo Dwarka Nath Dutt, Deputy Inspector of Schools, Dinagepore, is transferred to Bogra.

[*Government Gazette, 8th December* 1874.]

পাটনার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত আলফ্রেড আগষ্টস ওয়েস সাহেব, ত্রিহুত জিলার তাজপুর মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার পাইবেন।

ত্রিহুতে উপকারার্থ কার্য্যে নিযুক্ত জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত হর্ব্বর্ট মোসলী সাহেব, পাটনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

ছুটী হইতে সম্প্রতি প্রত্যাগত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জেমস-ফর্টেস্কু হারিসন সাহেব, শাহাবাদ জিলার সাশীরাম মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার পাইবেন।

শাহাবাদ জিলার সাশীরাম মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এডওয়ার্ড ষ্টানফর্ড আনুক্র সাহেব, চাম্পারণের সদর মোকামে প্রেরিত হইলেন।

এই মাসের ৩ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত হেনরি গিলন সাহেব, যশোহর জিলার নড়াইল মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার পাইবেন।

উপকারার্থ কার্য্যে নিযুক্ত আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডেবিড বর্ড আলেন সাহেব ত্রিহুতের সদর মোকামে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ১ ডিসেম্বর।—পুরনিয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অমূল্য চরণ মল্লিক রাজশাহীখণ্ডে প্রেরিত হইয়া বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইলেন। ইনি ছুটী লইয়াছেন।

শ্রীযুত সিসিল মাইকেল উইলফ্রেড ব্রেট সাহেব সম্প্রতি বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত হওয়াতে রাজশাহীখণ্ডে আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হইয়া দিনাজপুর জিলায় অবস্থিত হইলেন।

শ্রীযুত ফ্রেড্রিক বিটসন টেলর সাহেব সম্প্রতি বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত হওয়াতে রাজধানী খণ্ডে আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হইয়া নদীয়া জিলায় অবস্থিত হইলেন।

মেদিনীপুরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত আন্দ্রু উলিয়ম কক্রান সাহেব গত নবেম্বর মাসের ১২ তারিখের অপরাহ্ন অবধি ২৫ তারিখের অপরাহ্ন পর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিয়াছেন।

মেদিনীপুরের জরীপী কার্য্যের ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অন্নদা প্রসাদ ঘোষ, কটকে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৮ নবেম্বর।—শ্রীযুত ফ্রেড্রিক উইলকক্স সাহেব পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টদের চতুর্থ শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ৩০ নবেম্বর।—শ্রীযুত চারলস আর্ম্মষ্ট্রং ফিশর সাহেব যে তারিখে শ্রীযুত কর্নিস সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি যশোহরে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জান ব্রিস্কো বর্চ সাহেব, যে তারিখে শ্রীযুত ডবলিউ, জে, কিল্‌বি সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখঅবধি পাবনার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ১ ডিসেম্বর।—শ্রীযুত হেনরি উলিয়ম জান বাম্বর সাহেব, কিয়ৎকালের নিমিত্তে বালেশ্বরের পেলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ফ্রান্সিস গ্রেবস সাহেব যে তারিখে শ্রীযুত বাম্বর সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখঅবধি বালেশ্বরে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইলেন।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ১ ডিসেম্বর।—বর্দ্ধমানের বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় এই মাসের ৪ তারিখঅবধি কিম্বা অন্য যে তারিখে ছুটীগ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে পঁনের দিন ছুটী পাইয়াছেন।

শিক্ষা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২০ নবেম্বর।—বগুড়ার স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু শরচ্চন্দ্র দাস, দিনাজপুরে প্রেরিত হইলেন।

দিনাজপুরের স্কুল সমূহের ডেপুটী ইনস্পেকটর শ্রীযুত বাবু দ্বারকাথ দত্ত বগুড়ায় প্রেরিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৮ ডিসেম্বর।]

The 23rd November 1874.—Baboo Peary Mohun Mookerjee, Deputy Inspector of Schools, Rajshahye, is transferred to Pubna.

Baboo Bhoobun Mohun Neogy, Deputy Inspector of Schools, Pubna, is transferred to Rajshahye.

The 30th November 1874.—Mr. Charles Deslandes Church Winter, Acting Joint-Magistrate and Deputy Collector, is appointed to be a member of the Nizamut School Committee at Moorshedabad, *vice* Mr. T. J. Murray, who has left the station.

The 1st December 1874.—The leave of absence for three months granted to Baboo Bidyadhur Das, Deputy Inspector of Schools, Tipperah, under orders of the 23rd October last, is cancelled at his own request.

MEDICAL.—*The 30th November* 1874.—The following Surgeons are appointed to do duty in the General Hospital, viz.—

Surgeon Samuel Haslett Browne.	Surgeon John Catchick Shircore.
" Edward Mair.	" George John Malcolm Smith.
" James Armstrong.	" Horace Parr Yeld.
" Lewis Richard Dawson.	" John Campbell Fullerton.

JAILS.—*The 30th November* 1874.—Mr. Wilfred Lucas Heeley, B.A., Inspector-General of Jails, is allowed leave for three weeks, under Section 21, Chapter VI of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 9th October last.

OPIUM.—*The 27th November* 1874.—Mr. Stewart Douglas Jackson, Assistant Sub-Deputy Opium Agent of Monghyr, is allowed leave for three months, under Section 9, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he might have availed himself of it in anticipation of sanction.

Mr. H. G. C. Clarke is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent in the Behar Agency during the absence on leave of Mr. Jackson, or until further orders.

FORESTS.—*The 30th November* 1874.—Mr. J. S. Gamble, B.A., Assistant Conservator of Forests, Third Grade, having completed three years' service, having passed the prescribed tests and having been reported to be fit to hold a division, has fulfilled the requirements of the rule laid down in the notification of the Government of India in the Financial Department, No. 4397 of the 20th July 1874, and is promoted to the Second Grade of the Assistant Conservators of Forests, with effect from the 18th November 1874.

ROAD CESS.—*The 25th November* 1874.—The Lieutenant-Governor is pleased to appoint under Sections 49 and 51 of Act X (B.C.) of 1871, the following gentlemen to be members of the District Road Cess Committee in the Tipperah district for the purpose of giving effect to the provisions of the Act:—

The Magistrate and Collector, Chairman ...
The Senior Covenanted Assistant to Magistrate and Collector.
The Deputy Collector in charge of road cess work ...
The Executive Engineer ... ...
The District Superintendent of Police ... ...
} *Ex officio.*

Munshi Aftabuddeen, Zemindar and Pleader.

Mr. Edmond Delauney, Manager of the estate of Syed Basarut Ali Chowdry.

Mr. J. P. Delauney, Zemindar.

Baboo Ishan Chandra Rai, Zemindar.

" Hurrish Chandra Bose, Dewan of Rajah Gungamundal.

Moonshi Lal Meah, Zemindar.

Mahomed Gazi Chowdhry, Zemindar.

১৮৭৪ সাল ২৩ নবেম্বর।—রাজশাহীর স্কুল সমূহের ডেপুটী ইনস্পেকটর শ্রীযুত বাবু পেয়ারীমোহন মুখোপাধ্যায় পাবনায় প্রেরিত হইলেন।

পাবনার স্কুল সমূহের ডেপুটী ইনেস্পেক্টর শ্রীযুত বাবু ভুবনমোহন নিয়োগী রাজশাহীতে প্রেরিত হইলেন।

১৮৭৪ সাল ৩০ নবেম্বর।—শ্রীযুত টি, জে, মরে সাহেব, মুরশিদাবাদহইতে গমন করায় একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত চারলস ডেলাণ্ডে চর্চ উইন্টর সাহেব তথাকার নিজামৎ স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ১ ডিসেম্বর।—ত্রিপুরার স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু বিদ্যাধর দাস, গত অক্টোবর মাসের ২৩ তারিখের আজ্ঞামতে যে তিন মাস ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত করা গেল।

চিকিৎসাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩০ নবেম্বর।—নিম্নলিখিত সর্জনেরা জেনরল হাস্পাতালে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

সর্জন শ্রীযুত সামুয়েল হাসলেট ব্রৌণ সাহেব।
,, ,, এডওয়ার্ড মেয়র সাহেব।
,, ,, জেমস আর্ম্মষ্ট্রং সাহেব।
,, ,, লুইস রিচার্ড ডাসন সাহেব।

সর্জন শ্রীযুত জান কাচিক শরকোর সাহেব।
,, ,, জর্জ জান মালকম স্মিথ সাহেব।
,, ,, হোরেস পার্ল য়েলড সাহেব।
,, ,, জান কাম্বেল ফুলরটন সাহেব।

জেল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩০ নবেম্বর।—জেলসমূহের ইনস্পেকটর জেনরল শ্রীযুত উইলফ্রেড লুকাস হিলী সাহেব, বি, এ, গত অক্টোবর মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন সপ্তাহ ছুটী পাইয়াছেন।

আফীন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৭ নবেম্বর।—মুঙ্গেরের আফীনের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত ষ্টুয়ার্ট ডগলাস জ্যাকসন সাহেব, অনুমোদনের অপেক্ষায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জ্যাকসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ, জি, সি, ক্লার্ক সাহেব, বেহার এজেন্টীতে আফীনের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

বন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩০ নবেম্বর।—তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট বনরক্ষক শ্রীযুত জে, এস, গাম্বল সাহেব, বি, এ, পুরা তিন বৎসর কর্ম্ম করাতে ও নির্দ্দিষ্ট কষ্টির পরীক্ষায় উত্তীর্ণ হওয়াতে ও খণ্ডের কর্ম্ম গ্রহণের উপযুক্ত বলিয়া রিপোর্ট হওয়াতে ফিনানশ্যাল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭৪ সালের ২০ জুলাইর ৪৩৯৭ নং বিজ্ঞাপনের লিখিত প্রয়োজনীয় সমস্ত নিয়ম পালন করিয়াছেন বলিয়া তিনি ১৮৭৪ সালের নবেম্বর মাসের ১৮ তারিখ অবধি আসিষ্টান্ট বনরক্ষকদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৫ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব, ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের অভিপ্রায় সকল করণার্থে নিম্নলিখিত মহাশয়দিগকে উক্ত আইনের ৪৯ ও ৫১ ধারামতে ত্রিপুরা জিলায় প্রদেশীয় পথকর কমিটীতে নিযুক্ত করিলেন।

মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেব, সভাপতি ... ...
মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের পদ জ্যেষ্ঠ চিহ্নিত আসিষ্টান্ট...
পথকর কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী কালেকটর ... } স্ব২ পদোপলক্ষে।
একসেকিটিব ইঞ্জিনিয়র সাহেব ... ...
পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ... ...

জমীদার ও উকীল শ্রীযুত মুনশী আপ্তাবদ্দীন।
সৈয়দ বাসারৎ আলি চৌধুরীর ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত এডমণ্ড ডেলনি সাহেব।
জমীদার শ্রীযুত জে, পি, ডেলনি সাহেব।
জমীদার শ্রীযুত বাবু ঈশানচন্দ্র রায়।
গঙ্গামণ্ডলের রাজার দেওয়ান শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বসু।
জমীদার শ্রীযুত মুনশী লাল মিঞা।
জমীদার শ্রীযুত মহম্মদ গাজী চৌধুরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ৮ ডিসেম্বর।]

Baboo Nilmoney Dass, Dewan of the Rajah of Hill Tipperah.

" Ram Doolal Roy, Zemindar.

" Shib Chandra Aich, Zemindar and Pleader.

" Uma Lochun Mozumdar, Zemindar.

Mr. H. L. Weathrall.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

FUREEDPORE DISTRICT.

The 30th November 1874.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (The District Road Cess Act), that the Road Cess Committee of Fureedpore have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year beginning on the 1st of October 1874 at the following rates, being the maximum rates, and the said rates are published accordingly :—

I. Six pie, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100,	but less than Rs.	500	... 1	0	0
"	500,	"	1,000	... 3	0	0
"	1,000,	"	2,000	... 4	8	0

Not less than Rs. 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st November 1874.—The following revised rules connected with the departmental examinations of junior members of the Covenanted Civil Service, the Subordinate Executive Service, the Non-Regulation Commission, Police, &c., have been sanctioned by the Lieutenant-Governor, and are published for general information :—

1. All Assistant Magistrates, Assistant and Extra Assistant Commissioners, Deputy Magistrates and Collectors, Assistant Superintendents of Police, and others to whom these rules may be applicable, who may have been more than six months on duty, shall, and those who have been less than six months on duty may, at their option, be subjected to half-yearly departmental examinations, and shall be required to pass according to the standard, or the standards of examination which may be applicable to them, respectively, in each subject according to the rules hereinafter set forth.

2. To direct and control these half-yearly departmental examinations, there shall be a Central Examination Committee appointed by Government. It shall consist of a President, and of as many members (of whom one shall be Secretary) as the Government may think proper to appoint from time to time.

3. The examinations may be held, in the Regulation Provinces, at any station which is the head-quarters of a Divisional Commissioner, and at any other station where there is a Zillah Judge.

পার্ব্বত্য ত্রিপুরার রাজার দেওয়ান শ্রীযুত বাবু নীলমণি দাস।
জমীদার শ্রীযুত বাবু রামদুলাল রায়।
জমীদার ও উকীল শ্রীযুত বাবু শিবচন্দ্র আইচ।
জমীদার শ্রীযুত বাবু উমালোচন মজুমদার।
শ্রীযুত এচ এল ওয়েদরঅল সাহেব।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফরিদপুর জিলার

পথকরবিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩০ নবেম্বর।—প্রদেশীয় পথকরবিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সংবাদ দেওয়া গেল। ঐ আইনমতে ফরীদপুর জিলার পথকর কমিটী ১৮৭৪ সালের অক্টোবর মাসের ১ তারিখে কর আদায়ের যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরে উক্ত আইনের ৭৪ ধারামতে নিম্নলিখিত অত্যুচ্চ যে হারে কর ধার্য্য হইতে পারে সেই হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব ঐ হার প্রকাশ করা যাইতেছে।

১। উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়মতে ভূমির বার্ষিক মূল্যের ফি টাকায় ৲১০ দুই পয়সা।

২। কৃষকদের ঘরছাড়া অন্য ঘরের ও দোকানের কর এই২ হারে লওয়া যাইবে।

		বার্ষিক কর। টাকা
বর্ত্তমান মূল্য অনুমান,		
১০০৲ টাকার কম না হইলে কিন্তু ৫০০৲ টাকার কম হইলে	...	১৲
৫০০৲ ,, ,, ১০০০৲ ,,	...	৩৲
১০০০৲ ,, ,, ২০০০৲ ,,	...	৪৷৷৮

২০০০৲ টাকার কম না হইলে ও তদূর্দ্ধ মূল্যের হইলে ঘরের বর্ত্তমান আনুমানিক মূল্যের এক২ হাজার টাকার কি তাহার কোন অংশের উপর ৩৲ তিন টাকা লওয়া যাইবে।

বাণিজ্য কার্য্যের নিমিত্তে যে দোকানের কি ঘরের ব্যবহার হইয়া থাকে তাহার বর্ত্তমান মূল্য অনুমান ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম হইলে বৎসর ১৲ টাকা টাক্স লাগিবে।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২১ নবেম্বর।—চিহ্নিত সিবিল সরবিসের পদকনিষ্ঠ ব্যক্তিদের ও কার্য্যনির্ব্বাহক নিম্নতর সরবিসের ও আইনবহির্ভূত প্রদেশের কমিশ্যন ও পোলীসপ্রভৃতি সম্বন্ধীয় ব্যক্তিদের কর্ম্মবিভাগ সংক্রান্ত পরীক্ষা বিষয়ক এই২ বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকর্ত্তৃক অনুমোদিত হইয়া সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।—

১। সকল আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট এবং আসিষ্টাণ্ট ও অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ও ডেপুটী মাজিষ্ট্রেট ও কালেক্টর ও পোলীসের আসিষ্টাণ্ট সুপরিটেণ্ডেণ্ট এবং অন্য যে২ ব্যক্তির প্রতি এই বিধিশ্রেণী খাটে তাঁহারা ছয় মাসের অধিক কাল কর্ম্ম করিলে পর কর্ম্মবিভাগ সংক্রান্ত ষাণ্মাসিক পরীক্ষা দিবেন। যাঁহারা ছয় মাসের ন্যূনকাল কর্ম্ম করিয়াছেন তাঁহারাও ইচ্ছা করিলে সেই পরীক্ষা দিতে পারিবেন। ও তাঁহারদের প্রতি যে কষ্টি বা যে২ কষ্টিমত পরীক্ষা খাটে, নিম্নলিখিত বিধিমতে তাঁহাদের সেই কষ্টিমত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

২। কর্ম্মবিভাগসংক্রান্ত এই ষাণ্মাসিক পরীক্ষার কার্য্য চালাইবার ও তত্ত্বাবধারণ করিবার জন্যে গবর্ণমেণ্টকর্ত্তৃক সদর পরীক্ষক কমিটী নিযুক্ত হইবেন। তন্মধ্যে এক জন সভাপতি হইবেন ও গবর্ণমেণ্ট সময়ে২ আর যত জনকে নিযুক্ত করা উচিত বোধ করেন তাঁহারা ঐ কমিটীর মধ্যে থাকিবেন। তাঁহাদের এক জন সেক্রেটরী হইবেন।

৩। আইনের অধীন প্রদেশের মধ্যে যে মোকাম দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের সদর মোকাম হয়, সেই মোকামে, ও অন্য যে স্থানে জিলার জজ সাহেব থাকেন সেই স্থানে পরীক্ষা লওয়া যাইতে পারিবে।

4. For the Non-Regulation Provinces the examinations may be held at the following stations, and at any other stations where the Commissioners may, in communication with the Central Examination Committee, think it necessary to hold Committees for examination:—

For Chota Nagpore, at Ranchee.
For Cooch Behar, at Darjeeling or Julpigoree.
For Sonthal Pergunnahs, at Bhagulpore.
For Chittagong Hill Tracts, at Chittagong.

5. Each Divisional Commissioner should notify, at least one month before the date of examination, at how many stations in his division examinations are to be held, and for the officers of what districts each shall be held. If a Divisional Commissioner has only a very few examinees, and if the means of locomotion are easy, he will probably have only one or two centres of examination in his division. For remote or inaccessible districts, he might have special examinations. For instance, the Presidency Division and Midnapore District examinees could all come in to Alipore, and the rest of the Burdwan Division men to Hooghly, or all to the Presidency. The Commissioners of Rajshahye and Dacca would probably decide to have two, three, or more centres of examination. The Commissioners of the Chittagong, Bhagulpore, and Orissa Divisions, would probably want only one; the Commissioner of Chota Nagpore two; and the Commissioner of Patna either one or two centres of examination. But in all divisions the Lieutenant-Governor would leave it to each Commissioner to decide for each examination.

6. The Central Examination Committee are authorized to sanction, on sufficient cause being shown, the appearance of an officer for examination at a station other than that at which under ordinary circumstances he would be required to present himself.

7. At the several stations at which it may be determined that examinations are to be held, Local Committees shall be formed, who shall conduct the examinations under the instructions of the Central Committee, with whom they will correspond on all matters relating to the examinations.

8. The Local Committee at each station, which is the head-quarters of a Commissioner, shall consist of the Commissioner, the Collector (or Deputy Commissioner), and a Native civil officer to be selected by the Commissioner. In the absence of the Commissioner, or Collector, the Judge (or Judicial Commissioner) shall take his place on the Committee. At the other stations the Committee shall consist of the Judge, the Collector, and any native officer to be selected by the Judge. At the stations in the Non-Regulation Provinces, which are not the head-quarters of the Commissioner, and at which there is no Judicial Commissioner, the Deputy Commissioner shall form a Committee with one or two other officers to be selected by him in communication, if necessary, with the Commissioner of the division.

9. The Government will on every occasion fix, in communication with the Central Committee, the days for the half-yearly examination, which shall be the same for every district. The first half-yearly examination will usually be held in the month of April, May, or June, and the second in the month of October, November, or December.

10. It shall be the duty of the Central Committee to prepare beforehand, for each examination, sets of questions to be put to the examinees; to forward a sufficient number of copies of each of such sets to the President of each Local Committee in a sealed packet, which shall not be opened until the moment of examination; to determine the order in which the examinations in each paper and subject shall be held; and to arrange all other details for the conduct of the examinations. The Central Committee, from time to time, shall lay down such rules as may appear to them best for the guidance of the Local Committees, in order to ensure a fair and uniform method of fixing the degree of attainment upon each point of examination which the several officers examined may reach.

11. The Local Committee shall superintend the written examinations of the examinees only so far as may be necessary to ensure the conduct of them with proper strictness. They shall not examine the written answers, but shall forward them to the Central Committee with a report, which shall be furnished by the District Officer and Commissioner under whom the examinee has been employed, as to his official character, qualifications, and the work

৪। আইনবহির্ভূত প্রদেশের মধ্যে নিম্নলিখিত স্থানে পরীক্ষা লওয়া যাইতে পারিবে, এবং কমিশ্যনর সাহেবেরা সদর পরীক্ষক কমিটীর সঙ্গে লিখনপঠন করিয়া অন্য যে২ স্থানে পরীক্ষার্থ কমিটী করা আবশ্যক জ্ঞান করেন, সেই২ স্থানেও পরীক্ষা লওয়া যাইতে পারিবে।

ছোট নাগপুরের নিমিত্তে রাঞ্চিতে।

কুচবেহারের নিমিত্তে দারজিলিঙ্গে কি জলপাইগুড়িতে।

সাঁওতাল পরগনার নিমিত্তে ভাগলপুরে।

চট্টগ্রামের পার্ব্বত্য প্রদেশের নিমিত্তে, চট্টগ্রামে।

৫। প্রত্যেক দেশখণ্ডের অন্তর্গত কত স্থানে পরীক্ষা লওয়া যাইবে, এবং কোন২ জিলার কার্য্যকারকদের পরীক্ষা লওয়া যাইবে, প্রত্যেক দেশখণ্ডের কমিশ্যনর সাহেব পরীক্ষা লওয়ার তারিখের পূর্ব্বে ন্যূনকল্পে এক মাস থাকিতে এই কথার নোটিস দিবেন। কোন দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের এলাকার মধ্যে কতিপয় জনমাত্রের পরীক্ষা দিতে হইলে, ও স্থানে২ যাইবার সুবিধ থাকিলে, তিনি আপন এলাকার অন্তর্গত পরীক্ষা দিবার স্থান বলিয়া কেবল এক বা দুই স্থান নিরূপণ করিয়া দিতে পারিবেন। দূর২ জিলায় বা যে২ জিলায় যাওয়ার তাদৃশ সুবিধা না থাকে সেই২ জিলায় তিনি পরীক্ষা লইবার বিশেষ নিয়ম করিয়া দিতে পারিবেন। ইহার উদাহরণ এই, প্রসীডেনসী খণ্ডের ও মেদিনীপুর জিলার যে ব্যক্তিদের পরীক্ষা দিতে হইবে তাঁহারা সকলে আলিপুরে যাইতে পারিবেন, বর্দ্ধমান জিলার অন্য অংশের ব্যক্তিরা হুগলীতে যাইতে পারিবেন, কিম্বা সকলেই রাজধানীতে আসিতে পারিবেন। রাজশাহীর ও ঢাকার কমিশ্যনর সাহেবেরা পরীক্ষা লইবার দুই বা তিন বা তাহার অধিক স্থানও নিরূপণ করিয়া দিতে পারিবেন। চট্টগ্রাম ও ভাগলপুর ও উড়িষ্যা খণ্ডের কমিশ্যনর সাহেবেরা পরীক্ষা দিবার কেবল এক২ স্থান, ছোট নাগপুরের কমিশ্যনর সাহেব দুই স্থান, ও পাটনার কমিশ্যনর সাহেব এক বা দুই স্থান নিরূপণ করিতে পারিবেন। কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব নানা খণ্ডের কমিশ্যনর সাহেবের প্রতি পরীক্ষার নানা স্থান নিরূপণ করিবার ভার অর্পণ করিতে চাহেন।

৬। সাধারণতঃ যে কার্য্যকারকের যে স্থানে গিয়া পরীক্ষা দিতে হইবে, বিশেষ কারণ দর্শান গেলে সদর পরীক্ষক কমিটী সেই কার্য্যকারককে অন্য স্থানে যাইবার অনুমতি দিতে ক্ষমতা পাইয়াছেন।

৭। যে২ স্থানে পরীক্ষা লইতে স্থির করা যায়, সেই২ স্থানে স্থানীয় কমিটী নিযুক্ত হইবেন। সেই কমিটী সদর কমিটীর উপদেশমতে পরীক্ষার কার্য্য চালাইবেন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় ধরিয়া ঐ সদর কমিটীর সঙ্গে লিখনপঠন করিবেন।

৮। কমিশ্যনর সাহেবের সদর মোকামে স্থানীয় যে কমিটী নিযুক্ত হয়, কমিশ্যনর সাহেবকে ও কালেক্টর (কি ডেপুটী কমিশ্যনর) সাহেবকে এবং কমিশ্যনর সাহেবের মনোনীত এই দেশীয় এক জন সিবিল কার্য্যকারককে লইয়া ঐ কমিটী হইবে। কমিশ্যনর সাহেবের কি কালেক্টর সাহেবের অনুপস্থানে জজ সাহেব (কিম্বা জুডিশ্যাল কমিশ্যনর সাহেব) কমিটীতে তাঁহার স্থানে কর্ম্ম করিবেন। অন্য২ স্থানে জজ সাহেবকে ও কালেক্টর সাহেবকে ও জজ সাহেবের মনোনীত এদেশীয় কোন কার্য্যকারককে লইয়া কমিটী হইবে। আইন বহির্ভূত প্রদেশের অন্তর্গত যে মোকাম কমিশ্যনর সাহেবের সদর মোকাম না হয়, সেই মোকামে জুডিশ্যাল কমিশ্যনরও না থাকিলে, ডেপুটী কমিশ্যনর প্রয়োজনমতে দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের সঙ্গে লিখন পঠন করিয়া আর এক বা দুই জন কার্য্যকারককে মনোনীত করিয়া কমিটী করিবেন।

৯। ষাণ্মাসিক পরীক্ষা যে২ দিনে হইবে গবর্ণমেণ্ট প্রত্যেক স্থলে সদর কমিটীর সঙ্গে লিখনপঠন করিয়া সেই২ দিন নিরূপণ করিবেন। প্রত্যেক জিলায় সেই২ দিনে পরীক্ষা লওয়া যাইবে। সচরাচর প্রথম ষাণ্মাসিক পরীক্ষা আপ্রিল কি মে কি জুন মাসে, ও দ্বিতীয় পরীক্ষা অক্টোবর কি নবেম্বর কি ডিসেম্বর মাসে লওয়া যাইবে।

১০। সদর কমিটীর কর্ত্তব্যের মধ্যে এই২ কর্ম্ম। এক২ বারের পরীক্ষা লইবার সময়ে পরীক্ষাকাঙ্ক্ষিদের নিকট যে২ প্রশ্ন করা যাইবে, তাঁহারা পূর্ব্বাবধি সেই প্রশ্নগুলি প্রস্তুত করিয়া, যে স্থানে যত প্রশ্নের প্রয়োজন হয় সেই স্থানের তত প্রশ্ন পুলিন্দায় বাঁধিয়া মোহর ছাপাইয়া প্রত্যেক স্থানের কমিটীর সভাপতির নিকট পাঠাইবেন। পরীক্ষা লওনের সময়ের অগ্রে ঐ পুলিন্দা খুলিতে হইবে না। প্রত্যেক বিষয়ে যে ক্রমানুসারে পরীক্ষা লওয়া যাইবে তাহাও তাঁহারা স্থির করিবেন, এবং পরীক্ষা লওন কার্য্যের সকল বিশেষ কথা নিরূপণ করিয়া দিবেন। ও যে কার্য্যকারকেরা পরীক্ষা দেন, তাঁহারা যে২ বিষয়ে যত দূর ব্যুৎপত্তি প্রাপ্ত হইয়াছেন, সকল স্থানীয় কমিটী যাহাতে ন্যায্যমতে ও একি প্রকারে তাহা নিরূপণ করিতে পারেন, সদর কমিটী সময়ে২ এমত যে বিধি উত্তম জ্ঞান করেন নির্দ্ধার্য্য করিয়া দিবেন।

১১। লিখিত পরীক্ষার কার্য্য উপযুক্তমতে চালাইবার জন্যে যত দূর আবশ্যক হয় স্থানীয় কমিটী কেবল তত দূর সেই লিখিত পরীক্ষার তত্ত্বাবধারণ করিবেন। লিখিত যে উত্তর দেওয়া যায় তাহা দেখিবেন না, সদর কমিটীর নিকটে পাঠাইবেন। ও যাঁহার পরীক্ষা হইল তিনি জিলার যে কর্ত্তৃপক্ষের ও যে কমিশ্যনর সাহেবের অধীনে কর্ম্ম করিয়াছেন তাঁহারা তাঁহার পদসংক্রান্ত আচরণের ও যোগ্যতা গুণের ও পূর্ব্ব ছয় মাসাবধি যে কর্ম্ম করিয়াছেন তদ্বিষয়ের যে রিপোর্ট দেন তাহা ও বাচনিক পরীক্ষায় তাঁহার

done by him during the preceding six months, as well as a paper of marks which they shall assign to candidates for conversation, in which branch their decision shall be final. The Central Committee, after taking all the reports into consideration, and perusing all the examination papers, shall report to Government the names of such officers as, in their opinion, have come up to the requirements according to one or other of the standards in force, noticing especially, in the order of their merit, those who may have passed with distinction. They shall also report the names of those who, in their opinion, have succeeded in passing in one or more of the subjects, as well as of those who have failed altogether.

12. There shall be two standards of examination in Law and Languages: the First or the Lower and the Second or the Higher Standard. As regards languages, the papers and marks for each standard shall for the present be kept distinct.

13. The only language in which officers generally shall be required to pass by the Lower Standard shall be the vernacular of the district in which they may be serving, and the principal object of the examination shall be to test the proficiency, for practical purposes, of the examinee in such language.

14. Lithographed copies of at least two documents, written in different running hands, shall be forwarded by the Central Committee to each Local Committee; and the examinees shall be required, within a limited time, to be fixed by the Central Committee, to transcribe the papers set into Roman character, and also to give an intelligible written translation thereof in English, provided they know that language. Native officers who do not know English will be required only to translate these documents. The Local Committee shall forward the transcripts and translations for the final decision of the Central Committee as to the number of marks to be awarded. An English judgment, or other official paper, to be furnished by the Central Committee, must be translated by the examinee into the vernacular without assistance. The examinee must also dictate off-hand, with some fluency, the translation into the vernacular of an English report, or other official paper, also to be furnished by the Central Committee, whereof the translation shall be written down exactly as dictated. He must then be tested in conversation with two or three natives, in such manner and to such extent as shall suffice to satisfy the Committee as to the degree of his power of understanding natives of different classes, and of making himself understood by them, both in common conversation and in the usual course of office business. An examinee must pass successfully through every step of this branch of the examination, in order to qualify himself according to the First Standard. The translation must be substantially correct in meaning, and intelligible to a native, tolerably correct in grammar and spelling, and free from any very bad errors of idiom. The dictated paper must in like manner be intelligible and substantially correct.

15. The next object of the First or Lower Standard of examination shall be to test the examinee's practical acquaintance with the Criminal Codes, and his general knowledge of certain of the more important local laws, regulations, and rules. One paper shall be prepared specially for this examination, which shall be confined to the Criminal Codes, and for which the use of books shall be allowed. The questions must not be such as can be answered by copying a passage from a book; they must be such as shall thoroughly test the intelligent knowledge of the examinees in understanding the bearing of facts, and knowing where to look for the law and how to apply it. Another paper shall be prepared, consisting of questions on the local laws, regulations, and rules enumerated in Appendix I below. These must be answered without the aid of books. The whole of this paper shall be equally available to the candidates for the Lower and the Higher Standards of examination, but the number of marks required for passing shall be less in the case of examinees by the Lower than in that of those by the Higher Standard of examination.

16. In the examination by the Higher Standard it shall be necessary for the examinee to pass in both the required vernacular languages—ordinarily Bengali and Urdu. The standard of examination shall be similar in its nature to the first, but more difficult in degree. In the vernacular portion of it the papers selected as tests should be of a more difficult description of office papers; the translation, dictation, and conversation should be fluent, generally correct, and readily intelligible; and the examinee should be tested in his power of explaining himself clearly, and with sufficient propriety, in the vernacular, in an argument or topic of some difficulty, such as may occur in official business. The questions of law and practice should be selected from the whole field of the duties of a Magistrate and Collector. All

নামে যত অঙ্কপাত করিয়াছেন ইহার একখানি পত্র ঐ উত্তরের পত্রের সঙ্গে পাঠাইবেন। বাচনিক পরীক্ষায় কমিটীর নিষ্পত্তি চূড়ান্ত হইবে। সদর কমিটী উক্ত সকল রিপোর্ট বিবেচনা করিয়া ও পরীক্ষা-সংক্রান্ত সকল কাগজপত্র পাঠ করিয়া, যাঁহারা তাঁহাদের বিবেচনায় প্রচলিত অন্যতর কষ্টির উপযুক্তমতে উত্তর দিয়াছেন গবর্ণমেন্টে তাঁহাদের নাম রিপোর্ট করিবেন। তাঁহাদের মধ্যে কোন ব্যক্তিরা বিশেষ প্রশংসার যোগ্যমতে উত্তীর্ণ হইলে তাঁহাদের নৈপুণ্যের তারতম্য বিশেষমতে উল্লেখ করিবেন। ও তাঁহাদের বিবেচনামতে যাঁহারা পরীক্ষার অন্যতর বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন ও যাঁহারা সম্পূর্ণমতে অকৃত-কার্য্য হইয়াছেন তাঁহাদেরও নামের রিপোর্ট করিবেন।

১২। আইন ও ভাষাসংক্রান্ত পরীক্ষায় দুইটী কষ্টি হইবে, প্রথম অর্থাৎ নিম্নতর ও দ্বিতীয় অর্থাৎ উচ্চতর কষ্টি। ভাষাসংক্রান্ত একং কষ্টিমত উত্তর ও অঙ্ক এইক্ষণকার জন্যে স্বতন্ত্র রাখিতে হইবে।

১৩। নানা কার্য্যকারকেরা যে জিলায় কর্ম্ম করিয়া থাকেন কেবল সেই জিলার চলিত ভাষায় নিম্নতর কষ্টিমতে তাঁহাদের উত্তীর্ণ হওয়া আবশ্যক। ঐ ভাষায় কার্য্য চালাইবার উপযুক্ত মতে যত দূর নৈপুণ্যপ্রাপ্ত হইয়াছেন ইহা জানিয়া লওয়া ঐ পরীক্ষা কার্য্যের মুখ্য অভিপ্রায়।

১৪। সদর কমিটী প্রত্যেক স্থানীয় কমিটীর নিকট নানা প্রকারের টানা লেখা অন্যূন দুই খান দলীলের পাতরে ছাপা নকল পাঠাইবেন। ও যাঁহারা পরীক্ষা দেন সদর কমিটী তাঁহাদের সময় নিরূপণ করিয়া দিলে, সেই সময়ের মধ্যেই তাঁহাদের সেইং দলীলের সকল কথা ইংরেজী অক্ষরে লিখিয়া দিতে হইবে এবং ইংরেজী ভাষা জানিলে সেই ভাষায় ঐ দলীলের স্পষ্ট তর্জ্জমা লিখিয়া দিতে হইবে। এদেশীয় যে কার্য্যকারকেরা ইংরেজী ভাষা না জানেন তাঁহাদের সেই দলীল কেবল তর্জ্জমা করিয়া দিতে হইবে। তাহা করিলে পর যাঁহার পক্ষে যত অঙ্ক পাত করিতে হইবে, সদর কমিটীর দ্বারা ইহার চূড়ান্ত নিষ্পত্তি হইবার নিমিত্ত স্থানীয় কমিটী ঐ অনুবাদ ও অনুলিপি ঐ সদর কমিটীর নিকট পাঠাইয়া দিবেন। যাঁহার পরীক্ষা লওয়া যাইতেছে সদর কমিটী তাঁহাকে ইংরেজী ভাষায় নিষ্পত্তিপত্র কি রাজকর্ম্মসংক্রান্ত অন্য পত্র দিবেন, অন্য ব্যক্তির সাহায্য বিনা তাঁহার সেই পত্রখানি দেশীয় ভাষায় তর্জ্জমা করিয়া দিতে হইবে। আরো সদর কমিটী ইংরেজী যে রিপোর্ট কি রাজকর্ম্মসংক্রান্ত অন্য যে পত্র দিবেন সেই পত্রের অনুবাদ তাঁহার কিঞ্চিৎ বাকপটুতাক্রমে অমনি আওড়াইতে হইবে, সেই অনুবাদ ঠিক তাঁহার কথনমতে লিখিয়া লওয়া যাইবে। পরে সচরাচর কথোপ-কথন কালে ও সচরাচর আফিসের যে কার্য্য চলিয়া থাকে সেই কার্য্যসম্পর্কে তিনি এদেশের নানা জাতীয় লোকদের কথা কতদূর বুঝিতে পারেন ও আপনার ভাব তাহাদের নিকট কতদূর বুঝাইয়া দিতে পারেন কমিটী ইহা হৃদ্বোধমতে জানিয়া লন এই নিমিত্তে এদেশীয় দুই তিন জনের সঙ্গে তাঁহার কথা বার্ত্তা করিতে হইবে। উচ্চতর কষ্টিমতে উপযুক্ত হইবার জন্যে এই পরীক্ষার প্রত্যেক বিষয়ে তাঁহার সফলরূপে উত্তীর্ণ হইতে হইবে। তাঁহার তর্জ্জমা মূল কথার ভাবানুসারে যথার্থ ও দেশীয় লোকদের বোধগম্য হইবে, ব্যাকরণ ও শব্দের বানান চলনরূপে ঠিক হইবে ও শব্দ বিন্যাসের কোন গুরুতর দোষ না থাকে। ও তাঁহার কথনমতে যে অনুবাদ লেখা যায় তাহাও বোধগম্য ও বাস্তবে শুদ্ধ হইবে।

১৫। যিনি পরীক্ষা দেন তিনি কার্য্যপক্ষে ফৌজদারী সকল আইন জানেন, ও স্থানীয় আইনের ও বিধির মধ্যে যাহা গুরুতর, মোটে তৎপরিচিত হইয়াছেন, ইহার পরীক্ষা লওয়া নিম্নতর কষ্টিমত পরীক্ষার অন্য উদ্দেশ্য। এই পরীক্ষার জন্যে বিশেষ এক খানি পত্র প্রস্তুত করা যাইবে, তাহার মধ্যে কেবল ফৌজদারী মোকদ্দমা বিষয়ক আইনের প্রশ্ন থাকিবে, ও উত্তর দেওনার্থে বহী দেখিবার অনুমতি হইবে। কিন্তু বহী হইতে নকল করিয়া যে প্রশ্নের উত্তর দেওয়া যাইতে পারিবে এমত প্রশ্ন হইবে না, পরীক্ষিত ব্যক্তি বৃত্তান্তের ফলাফল বুঝেন কি না, ও কোন্ স্থানে কোন্ বিষয়ের আইন পাওয়া যায় ও আইন কিরূপে খাটে এইং বিষয়ে তাঁহার উপযুক্ত বুদ্ধি ও জ্ঞান থাকা না থাকার পরীক্ষা যাহাতে হয় এমন প্রশ্ন দিতে হইবে। স্থানীয় আইনের ও ব্যবস্থার ও ১ নং ক্রোড়পত্রের উল্লিখিত বিধির বিষয়ে আর এক খানি প্রশ্নপত্র প্রস্তুত করা যাইবে। বহী না দেখিয়া এইং প্রশ্নের উত্তর দিতে হইবে। নিম্নতর ও উচ্চতর উভয় কষ্টির পরীক্ষাকাঙ্ক্ষিরা এই সম্পূর্ণ প্রশ্নপত্র লইয়া পরীক্ষা দিবেন, কিন্তু উচ্চতর কষ্টিমত পরীক্ষিত ব্যক্তিদের উত্তরের যত অঙ্ক নিরূপণ হয় নিম্নতর কষ্টিমত পরীক্ষিত ব্যক্তিদের তাহার কম অঙ্ক নিরূপণ হইবে।

১৬। যাঁহারা উচ্চতর কষ্টির পরীক্ষা দেন, তাঁহাদের জন্যে নির্ণীত দেশীয় দুই ভাষায় অর্থাৎ সচরাচর বাঙ্গলা ও উর্দ্দু ভাষায় উত্তীর্ণ হইতে হইবে। প্রথম কষ্টিমত পরীক্ষার যে ভাব এই পরীক্ষারও সেই ভাব কিন্তু প্রথমাপেক্ষা কঠিন। দেশীয় ভাষার অংশে যে কাগজপত্রে পরীক্ষা দেওয়া যাইবে তাহা কাছারীর কাগজের মধ্যে আরো কঠিন প্রকারের হইবে। পরীক্ষিত ব্যক্তির অনুবাদ ও তাঁহার যে উক্তি-মতে কথা লেখা যায় তাহা ও তাঁহার কথাবার্ত্তা, সহজ ও সাধারণমতে শুদ্ধ ও অনায়াসে বোধগম্য হইবে। আরো রাজকীয় কর্ম্ম নির্ব্বাহ করণ সময়ে বাদানুবাদের কি বিবেচনার উপযুক্ত যে কঠিন বিষয় উপস্থিত হইতে পারে এমত কোন বিষয়ে তিনি দেশীয় ভাষায় স্পষ্টরূপে ও উপযুক্তমতে শুদ্ধরূপে আপনার মনের ভাব বুঝাইয়া দিতে পারেন, তাঁহার এই ক্ষমতার পরীক্ষা লইতে হইবে। মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের নানা কর্ম্মের মধ্যে আইন ও ব্যবহারঘটিত যেং বিষয় উপস্থিত হইয়া থাকে এমন

examinees will be required to pass in two papers. The nature of the one, in answering the questions in which the use of books will not be allowed, has already been explained in paragraph 15. The other paper, for which the use of books will be allowed, will contain questions on the local laws, regulations, and rules set forth in Appendix II. The examinees should have all the Acts, Regulations, and Circulars, but the questions should be confined as much as possible to cases commonly arising in the ordinary routine of a Magistrate and Collector, or of a Police Superintendent's office. They should consist almost entirely of stating certain facts of probable occurrence in real practice, and requiring the examinee to find and apply the law applicable to the facts.

17. Covenanted Civil Servants may pass by the Lower or the Higher Standard in either or both the languages whenever they can. They must pass the examination in "local laws, regulations, and rules," and in both languages, by the Higher Standard. They will be required to pass by the Lower Standard in languages only, and will not be subject to any restrictions in respect of the order of passing the different language-tests in the Higher Standard.

18. Covenanted Civil Servants must always pass by the Higher Standard in Bengali, and those who have not so passed in Hindustani will have no claim to full powers or to the full pay of Rs. 500, and cannot have powers or promotion in a Hindustani district, although the higher powers may be conferred on them in a Bengali district, if the public service requires it.

19. All officers other than Covenanted Civil Servants will be required to pass fully both the Lower and the Higher Standards of examination, with the following exceptions :—

20. Officers who, after passing in the higher grade the preliminary examination for admission into the Subordinate Executive Service held in 1873, or subsequently received appointments in that service, will be subject to no further examination except the Higher Standard departmental examination, and the opium laws examination for those candidates who are appointed to the Opium Department without having taken the opium papers. Candidates who passed at the Subordinate Executive Service examination held in 1872 are exempted from examination by the Lower Standard in the vernacular only. They will, however, be required to pass in Law by that standard.

21. Natives of Hindustan serving in Behar and Hazareebagh shall not be required to pass in Bengali, but it will be optional with them to do so, and those who do pass will be eligible for service and promotion in Bengal as well as in Behar.

22. Officers other than natives of Hindustan will not be required to pass in Hindustani, but may do so, and will then be eligible for service and promotion in Behar and Hazareebagh as well as in Bengal.

23. These exemptions are not applicable to officers in the Police, who must pass in both Bengali and Hindustani as now, unless specially exempted.

24. All native officers in the Subordinate Executive Service, in the Non-Regulation Commission, and in the Police, will be strictly examined in their own vernacular, the object of the examination being to test their thorough competency to conduct the correspondence and other ordinary business of their offices with their own hands.

25. In case a candidate, allowed by Government for any special reason to present himself for examination by the Higher Standard in Law or Languages before passing the Lower, fail to pass the Higher Standard in either subject, the Central Examination Committee shall have full authority to decide whether he has done sufficiently well to entitle him to be passed by the Lower Standard.

26. An officer who succeeds in passing by either standard, either (*a*) in Law or (*b*) in either of the languages, shall not again be required to present himself for examination by the same standard in the subject in which he was successful, but only in those in which he failed.

বিষয়হইতে তাঁহার পরীক্ষা লইবার জন্যে কোন বিষয় বাছিয়া লইতে হইবে। পরীক্ষিত ব্যক্তিদের দুই পত্রে উত্তীর্ণ হইতে হইবে। যে প্রশ্নের উত্তর দেওনে বহী দেখিবার অনুমতি না হইবে, ১৫ দফায় সেই প্রশ্নের ভাব ব্যাখ্যা করিয়া দেওয়া গিয়াছে। অন্য যে পত্রের উত্তর দেওনে বহী দেখিবার অনুমতি হইবে, সেই পত্রে ২ নং ক্রোড়পত্রের উল্লিখিত স্থানীয় আইনের ও ব্যবস্থার ও বিধির প্রশ্ন থাকিবে। পরীক্ষিত ব্যক্তিদের নিকট সকল আইন ও আকট ও সরক্যুলর থাকিবে, কিন্তু মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের কর্ম্ম চলন সময়ে তাঁহাদের সম্মুখে ও পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে, সচরাচর যে প্রকারের মোকদ্দমা উপস্থিত হইয়া থাকে সেই প্রকারের মোকদ্দমা ধরিয়া প্রশ্ন করা যাইবে। বাস্তবে কর্ম্ম করণকালে যে২ প্রকারের বিষয় উপস্থিত হইবার সম্ভাবনা থাকে সেই২ বিষয় লইয়া প্রশ্ন হইবে ও সেই প্রকারের ব্যাপার ঘটিলে কোন্ আইন খাটে পরীক্ষিত ব্যক্তির তাহা বাহির করিয়া খাটাইতে হইবে।

১৭। চিহ্নিত সিবিল কার্য্যকারকেরা যখনই পারেন তখন এক বা দুই ভাষায় নিম্নতর বা উচ্চতর কষ্টিমতে উত্তীর্ণ হইতে পারিবেন। স্থানীয় আইনের ও ব্যবস্থার ও বিধির ও উভয় ভাষার যে পরীক্ষা দেওয়া যায় তাহাতে উচ্চতর কষ্টিমতে তাঁহাদের উত্তীর্ণ হইতেই হইবে। কেবল ভাষায় তাঁহাদের নিম্নতর কষ্টিমতে উত্তীর্ণ হওয়া আবশ্যক, এবং উচ্চতর কষ্টিমতে নানা ভাষার পরীক্ষায় তাঁহাদের যে ক্রমে উত্তীর্ণ হইতে হইবে তদ্বিষয়ে তাঁহাদের পক্ষে সঙ্কোচের কোন বিধি নাই।

১৮। বাঙ্গলা ভাষার উচ্চতর কষ্টিমতে চিহ্নিত সকল সিবিল কার্য্যকারকের উত্তীর্ণ হইতে হইবে। হিন্দুস্থানী ভাষায় সেই কষ্টিমতে উত্তীর্ণ না হইলে, তাঁহাদের সম্পূর্ণ ক্ষমতা কি ৫০০৲ টাকা সম্পূর্ণ বেতন পাইবার অধিকার থাকিবে না, এবং হিন্দুস্থানীয় কোন প্রদেশে ক্ষমতা কি পদবৃদ্ধি পাইতে পারিবেন না, কিন্তু রাজকীয় কর্ম্মোপলক্ষে প্রয়োজন হইলে বঙ্গদেশীয় প্রদেশের মধ্যে তাঁহাদের প্রতি উচ্চতর ক্ষমতা প্রদান করা যাইতে পারিবে।

১৯। চিহ্নিত সিবিল কার্য্যকারক ছাড়া সকল কার্য্যকারকের পরীক্ষার নিম্নতর ও উচ্চতর উভয় কষ্টিমতে উত্তীর্ণ হইতে হইবে। কিন্তু ইঁহারা বর্জিত হইলেন,—

২০। ১৮৭৩ সালের সবর্ডিনেট একসেকিটিব সরবিসে গ্রাহ্য হইবার নিমিত্তে প্রথম স্থলীয় যে পরীক্ষা হইয়াছিল, যাঁহারা সেই পরীক্ষায় উত্তীর্ণ হওনানন্তর কি তৎপরে ঐ সরবিসে পদ প্রাপ্ত হইলেন তাঁহাদের কর্ম্মবিভাগ সংক্রান্ত উচ্চতর কষ্টির পরীক্ষা ভিন্ন, ও যাঁহারা আফিণ সম্পর্কীয় পত্র না লইয়া আফীন কর্ম্ম বিভাগে নিযুক্ত হইলেন, তাঁহাদের আফীন বিষয়ক আইনের পরীক্ষা ছাড়া অন্য কোন পরীক্ষা দিতে হইবে না। ১৮৭২ সালে সবর্ডিনেট একসেকিটিব সরবিসের যে পরীক্ষা হইয়াছিল সেই পরীক্ষায় যে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইয়াছিলেন তাঁহারা কেবল দেশীয় ভাষার নিম্নতর কষ্টির পরীক্ষা-হইতে মুক্ত হইলেন। কিন্তু সেই কষ্টিমতে তাঁহাদের আইনের পরীক্ষা দিতে হইবে।

২১। হিন্দুস্থানী যে লোকেরা বেহারে ও হাজারীবাগে কর্ম্ম করিতেছেন, তাঁহাদের বাঙ্গলা ভাষায় উত্তীর্ণ হইবার প্রয়োজন নাই। ইচ্ছা করিলে পরীক্ষা দিতে পারিবেন, ও উত্তীর্ণ হইলে যেমন বেহারে তেমনি বঙ্গদেশেও কর্ম্ম ও পদবৃদ্ধি পাইতে পারিবেন।

২২। হিন্দুস্থানী লোক ছাড়া অন্য কার্য্যকারকদের হিন্দুস্থানী ভাষায় উত্তীর্ণ হইবার প্রয়োজন নাই, কিন্তু চাহিলে পরীক্ষা দিতে পারিবেন ও উত্তীর্ণ হইলে, যেমন বঙ্গদেশে তেমনি বেহারে ও হাজারীবাগেও কর্ম্ম ও পদবৃদ্ধি পাইতে পারিবেন।

২৩। উক্ত বর্জিত বিধি পোলীসের কর্ম্মকারকদের প্রতি খাটে না। বিশেষমতে ক্ষমা না হইলে তাঁহাদের বাঙ্গলা ও হিন্দুস্থানী এই দুই ভাষায় উত্তীর্ণ হইতেই হইবে।

২৪। সবর্ডিনেট একসেকিটিব সরবিসে ও আইন বহির্ভূত কমিশ্যনে ও পোলীসে দেশীয় যে কার্য্যকারকেরা নিযুক্ত আছেন তাঁহারদের স্বদেশীয় ভাষায় আঁটাআঁটিরূপে পরীক্ষা লওয়া যাইবে, ইহার অভিপ্রায় এই যে তাঁহারা স্বহস্তে আপন২ কার্য্যসংক্রান্ত পত্রাদি লিখিতে ও সচরাচর যে কর্ম্ম উপস্থিত হয় তাহা করিতে পারেন কি না ইহা জানিয়া লওয়া যায়।

২৫। কোন পদাকাঙ্ক্ষী আইনে কি ভাষায় নিম্নতর কষ্টিমতে পরীক্ষা না দিলেও গবর্ণমেণ্ট বিশেষ কোন কারণে তাঁহাকে উচ্চতর কষ্টিমতে পরীক্ষা দিবার জন্যে উপস্থিত হইবার অনুমতি দিলে, যদি অন্যতর বিষয়ে তিনি উচ্চতর কষ্টিমতে উত্তীর্ণ হইতে না পারেন, তবে যদ্রূপ পরীক্ষা দিয়াছেন তদ্বিবেচনায় নিম্নতর কষ্টিমতে তাঁহাকে উত্তীর্ণ বলিয়া জ্ঞান হইতে পারে কি না, সদর পরীক্ষক কমিটীর এই কথা নিষ্পত্তি করিবার সম্পূর্ণ ক্ষমতা থাকিবে।

২৬। কোন কার্য্যকারক অন্যতর কষ্টিমতে (ক) আইনে কিম্বা (খ) অন্যতর ভাষায় উত্তীর্ণ হইলে, যে কষ্টিমতে যে বিষয়ে উত্তীর্ণ হইলেন সেই কষ্টিমতে তাঁহার পুনরায় পরীক্ষা দিবার জন্যে উপস্থিত হইতে হইবে না। কেবল যে বিষয়ে উত্তীর্ণ হইতে পারিলেন না সেই বিষয়ের পুনরায় পরীক্ষা দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৮ ডিসেম্বর।]

27. The marks to be assigned to each branch of the examination, the proportion required for passing by the different standards, and the time allowed for each paper, are set forth in Appendix III. Uniformity must be rigidly enforced in the time allowed for each subject, whether in Law or Language.

28. A civil officer who has passed according to the First Standard of examination, and who has exercised the powers of a Magistrate of the Third Class for six months, shall usually be vested with the powers of a Magistrate of the Second Class described in Sections 20, 24 of the Code of Criminal Procedure (Act X of 1872), provided he is certified by the Commissioner to be fully competent to exercise them. Assistant Magistrates and Assistant Commissioners will also then be vested with the powers of a Deputy Collector.

29. An officer, however, who shall have passed by the Lower Standard in the Criminal Codes and in the language of his district, may be vested with the powers of a Magistrate of the Second Class, on the Commissioner of the division submitting a recommendation to that effect, provided he has had not less than six months' experience in his Magisterial duties.

30. An officer who has passed according to the Second Standard shall be eligible to be vested with the powers of a Magistrate of the First Class, but not until he shall have exercised the powers of a Magistrate of the Second Class for at least six months.

31. An officer who has passed in Law and in the language of his district according to the Second Standard, may also be vested with the powers of a Magistrate of the First Class, subject to the condition of his having exercised the powers of a Magistrate of the Second Class for six months, but he shall not be entitled to any promotion or increase of pay until he has passed fully by the Second Standard. He shall exercise the powers of a Magistrate of the First Class so long only as he is employed in a district where the language in which he has passed is the vernacular.

32. Assistant Magistrates and Assistant Commissioners on first appointment draw only Rs. 400 a month. On passing the Lower Standard of examination they shall be allowed an increase of Rs. 50 a month, provided they have exercised the powers of a Magistrate of the Third Class for six months at least; and on passing fully the Higher Standard and being invested with the powers of a Magistrate of the First Class, they will receive a second increase of Rs. 50, provided they have also exercised the powers of a Magistrate of the Second Class for not less than six months.

33. Officers attending these examinations will be allowed travelling allowance according to the ordinary rates of such allowances prevailing in the services to which they respectively belong. Covenanted Civil Servants and Military Officers in civil employ will draw travelling allowance for attending examinations on three occasions for each standard. Uncovenanted Officers will draw such allowances on two occasions only.

34. No application from any junior officer liable to examination, for privilege leave or leave on private affairs, will be entertained, if the following half-yearly examinations fall due before the expiry of the leave applied for, unless the application specifies that the applicant will attend the examination.

35. If such leave is applied for, and the application from such an officer is submitted to Government, it should be stated that he is liable to pass an examination, and that the next examination will be held within the period of the leave applied for. This will enable the Lieutenant-Governor to decide whether, for the reasons stated, the leave should be granted; and if so, with what conditions.

36. It is the duty of District Officers to look to the practical training of the young officers placed under them, from their first entering into official life till they acquire a practical experience in their duties, and qualify themselves for the exercise of higher powers by passing the prescribed examinations. District Officers are expected to take active interest in the well-being of the young men placed under them by exercising due supervision over their studies, by holding periodical examinations to test their qualifications and official knowledge, and by any other means which may seem to them to be expedient for the purpose.

[*Government Gazette, 8th December* 1874.]

২৭। পরীক্ষার্থ একং বিষয়ে কত অঙ্ক নিরূপণ হইবে ও কত অঙ্ক পাত হইলে একং কষ্টিমতে উত্তীর্ণ হইবেন, ও একং পত্রের উত্তর লিখিতে কত সময় দেওয়া যাইবে এই সকল কথা ৩নং ক্রোড়পত্রে লেখা আছে। আইন কি ভাষ যে বিষয়ের পরীক্ষা হয় তাহার নিমিত্ত যে সময় নিরূপণ হইল সর্ব্বস্থলে সেই সময়ই দৃঢ় করিয়া মানিতে হইবে।

২৮। দেওয়ানী কার্য্যকারক নিম্নতর কষ্টির পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যদি ছয় মাসপর্য্যন্ত তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিয়া থাকেন, তবে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানবিষয়ক ১৮৭২ সালের ১০ আইনের ২০ ও ২৪ ধারায় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের যেং ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে তিনি সেইং ক্ষমতামতে কার্য্য করিতে সম্পূর্ণরূপে উপযুক্ত, কমিশ্যনর সাহেব এমত সর্টিফিকট লিখিয়া দিলে, তাঁহাকে সচরাচর সেইং ক্ষমতা দেওয়া যাইবে। তদ্রূপ স্থলে আসিষ্টান্ট মাজিষ্ট্রেটেরা ও আসিষ্টান্ট কমিশ্যনরেরাও ডেপুটী কালেকটরের ক্ষমতা পাইতে পারিবেন।

২৯। পরন্তু কোন কার্য্যকারক ফৌজদারী আইনের ও আপন জিলার ভাষার নিম্নতর কষ্টিমতে উত্তীর্ণ হইলে, যদি মাজিষ্টরী কর্ম্মনির্ব্বাহ করণে তাঁহার ছয় মাসের ন্যূন কাল অনুশীলন না থাকে তবে তাঁহাকে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা দেওয়া যায় কমিশ্যনর সাহেব এই মর্ম্মের পরামর্শ দিলে তাঁহাকে সেই ক্ষমতা দেওয়া যাইবে।

৩০। কোন কর্ম্মকারক উচ্চতর কষ্টিমতে উত্তীর্ণ হইলে, তাঁহার প্রতি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান করা যাইতে পারিবে। কিন্তু ন্যূনকল্পে ছয় মাস দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য না করিলে তাঁহাকে পূর্ব্বোক্ত ক্ষমতা দেওয়া যাইবে না।

৩১। কোন কার্য্যকারক আইনের এবং আপন জিলার ভাষার উচ্চতর কষ্টিমতে উত্তীর্ণ হইলে, যদি ছয় মাসপর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিয়া থাকেন, তবে তাঁহার প্রতি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান করা যাইতে পারিবে। কিন্তু উচ্চতর কষ্টিমতে সম্পূর্ণরূপে উত্তীর্ণ না হইলে, তাঁহার পদবৃদ্ধি কি বেতনবৃদ্ধি পাইবার অধিকার থাকিবে না। দেশীয় যে ভাষায় উত্তীর্ণ হইলেন সেই ভাষা যে জিলায় চলন আছে, যত কাল সেই জিলায় কর্ম্ম করেন কেবল তত কাল প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

৩২। আসিষ্টান্ট মাজিষ্ট্রেটের ও আসিষ্টান্ট কমিশ্যনরেরা নিযুক্ত হইলেই মাসে কেবল ৪০০৲ টাকা বেতন পাইয়া থাকেন। নিম্নতর কষ্টির পরীক্ষায় উত্তীর্ণ হইলে, যদি ন্যূনকল্পে ছয় মাস তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিয়া থাকেন তবে তাঁহাদের ৫০৲ টাকা বেতন বৃদ্ধি হইবে। এবং উচ্চতর কষ্টিমতে সম্পূর্ণরূপে উত্তীর্ণ হইলে যদি ন্যূনকল্পে ছয় মাস দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিয়া থাকেন, তবে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলে তাঁহাদের আর ৫০৲ টাকা বেতন বৃদ্ধি হইবে।

৩৩। যে কার্য্যকারক যে কর্ম্মে নিযুক্ত হন সেই কর্ম্মোপলক্ষে তাঁহাকে সচরাচর যে হিসাবে পথখরচ দেওয়া গিয়া থাকে, এই পরীক্ষায় উপস্থিত হইবার নিমিত্ত তিনি সেই হিসাবে পথখরচ পাইবেন। চিহ্নিত সিবিল কার্য্যকারকেরা ও সৈনিক যে সাহেবেরা দেওয়ানী কর্ম্ম করিয়া থাকেন তাঁহারা প্রত্যেক কষ্টিমতে তিনবার পরীক্ষা দিবার জন্যে উপস্থিত হইবার পথখরচ পাইবেন। অচিহ্নিত কার্য্যকারকেরা কেবল দুইবার সেই প্রকারের পথখরচ পাইবেন।

৩৪। পদকনিষ্ঠ কোন কর্ম্মকারকের পরীক্ষা দিবার অপেক্ষা থাকিতে যদি অনুগ্রহের ছুটী কিম্বা আপন কর্ম্মোপলক্ষে ছুটী প্রার্থনা করেন তবে সেই ছুটীর মিয়াদ গত হইতে না হইতে যাণ্মাসিক পরীক্ষার সময় উপস্থিত হইলে, তিনি সেই পরীক্ষায় যে উপস্থিত হইবেন আপনার প্রার্থনাপত্রে এই কথা নির্দ্দিষ্ট করিয়া না লিখিলে তাঁহাকে ছুটী দেওয়া যাইবে না।

৩৫। তদ্রূপ ছুটী প্রার্থনা হইলে ও ঐ কার্য্যকারকের প্রার্থনাপত্র গবর্ণমেণ্টে পাঠান গেলে, তাঁহার পরীক্ষা দিবার অপেক্ষা থাকে ও সেই প্রার্থিত ছুটীর মিয়াদ গত না হইলেও আগামি পরীক্ষার কাল উপস্থিত হইবে, এই কথাও জানাইতে হইবে। তাহা হইলে, ঐ ছুটী দেওয়া যাইতে পারে কি না ও দেওয়া গেলে যে নিয়মমতে দেওয়া যাইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহা নির্দ্ধার্য্য করিতে পারিবেন।

৩৬। যুবা কর্ম্মকারকেরা যে সময়ে রাজকীয় কর্ম্ম করিতে আরম্ভ করেন সেই সময়াবধি যাবৎ কার্য্যপক্ষে আপনাদের কর্ত্তব্য কর্ম্ম জ্ঞাত না হন ও নির্দ্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়া উচ্চতর ক্ষমতাপ্রাপ্ত হইবার সুযোগ্য না হন তাবৎ কাল তাঁহারা জিলার যে কর্ত্তৃপক্ষদের অধীনে নিযুক্ত থাকেন তাঁহারা তাঁহারদের কর্ম্মাদি শিক্ষা করণের প্রতি বিশেষ মনোযোগ করিবেন। তাঁহারা ঐ যুবা কর্ম্মকারকদের পাঠাভ্যাস করণবিষয়ে উপযুক্তমতে তত্ত্বাবধারণ করিয়া সময়েং পরীক্ষা লইয়া ও অন্য যে প্রকারে বিহিত বোধ করেন সেই প্রকারে তাঁহাদের সুযোগ্যতার ও কার্য্যানুশীলনের তত্ত্ব জানিয়া, আপনাদের অধীন ঐ যুবা কর্ম্মকারকদের কল্যাণের বিষয়ে যত্নবান হইবেন এমত আশা হইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৮ ডিসেম্বর।]

SPECIAL RULES.

1. Officers in Orissa must pass in Uriya as their first language.

2. For the future no officer who did not on the 4th May 1874 hold the substantive rank of a District Magistrate shall be promoted to that substantive rank in a district of Orissa until he has passed in Uriya by the Higher Standard; and the same condition as to Bengali will govern the promotion of an officer transferred from Orissa to a Bengali-speaking district. From these conditions, however, all officers who on the 4th May 1874 were of 12 years' standing (from the date of commencement of civil service) in Bengal are exempt.

3. Military Officers in civil employ under this Government, who would ordinarily be subject to examination in Urdu, shall not be required to pass in that language by either the First or the Second Standard of the departmental examinations, if they have previously passed by the Higher Standard according to the tests for the Examination of Military Officers in that language, laid down in G. G. O. No. 734, dated 9th September 1864, and G. G. O. No. 294, dated 24th March 1866.

4. For Police Officers the examination for the Lower Standard shall consist of the language of the district in which they are employed, and of the papers in Criminal Codes prepared for Executive Officers. The examination for the Higher Standard shall be in both the Bengali and Urdu languages, and in a special paper which must be prepared in Criminal Law only, including the Salt, Excise and Opium Laws, to be answered without books.

5. Police Officers employed in Orissa must pass in Uriya as their first language.

6. All Police Officers are required to pass in Bengali according to the Second Standard, and until they so pass they will not be considered eligible for transfer out of Bengal Proper.

7. Police Officers transferred to the executive service, or who desire such transfer, will be required to pass the same tests as those prescribed above for officers of the Subordinate Executive Service, subject to the exception noted below.

8. When an officer so circumstanced has already passed by either standard in a language, the pass will be accepted as sufficient to that degree.

9. Such officers who have passed in Law by the Lower Standard (as hitherto required for the Police) will still be required to pass for the Lower Standard in the general papers of local laws, &c., but they will be exempted from examination in the Criminal Codes prescribed for the Lower Standard, if they desire to avail themselves of the exemption. But if any such officer elects to pass the examination in the Codes, such pass will be taken into account in his favor.

10. Such officers who have passed by the Higher Police Standard in Law will still be required to pass in both law papers prescribed in paragraph 16 above, the word "law" being now used in a much broader sense to cover revenue and general law.

11. Candidates for admission into the Opium Department will continue to be examined according to the rules laid down in G. O. No. 1157G, of 28th October 1872. It will therefore only be in exceptional cases that after admission any such candidate will be required to appear at the departmental examinations to which the above rules refer.

APPENDIX I.

Local Laws, Regulations, and Rules, in which the Examination will be without the aid of Books.

Regulations I, VIII, and XLVIII of 1793, and XII of 1817.

Regulations I and II of 1819.

Regulation VIII of 1819.

[*Government Gazette, 8th December* 1874.]

বিশেষ বিধি।

১। উড়িষ্যায় যে কার্য্যকারকেরা নিযুক্ত থাকেন তাঁহাদের প্রথমে উড়িয়া ভাষার পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

২। ১৮৭৪ সালের মে মাসের ৪ তারিখে যে কর্ম্মকারক জিলার মাজিষ্ট্রেটস্বরূপ স্থায়িপদ প্রাপ্ত হন নাই, এই অবধি এমত কোন কার্য্যকারক উচ্চতর কষ্টিমতে উড়িয়া ভাষায় উত্তীর্ণ না হইলে উড়িষ্যা দেশের অন্তর্গত কোন জিলায় স্থায়িরূপে সেই পদ পাইবেন না। এবং যে জিলায় বাঙ্গলা ভাষা চলন আছে কোন কর্ম্মকারক উড়িষ্যা দেশহইতে তদ্রূপ কোন জিলায় নিযুক্ত হইলে বাঙ্গলা ভাষায় উত্তীর্ণ না হইলে তাঁহার পদ বৃদ্ধি হইবে না। পরন্তু বঙ্গদেশে সিবিল সরবিসের কর্ম্ম আরম্ভ করিয়া যে কর্ম্মকারকেরা ১৮৭৪ সালের মে মাসের ৪ তারিখ পর্য্যন্ত দ্বাদশ বৎসর কর্ম্ম করিয়া আসিতেছেন তাঁহারদের প্রতি উপরোক্ত নিয়ম খাটে না।

